CENTRE FOR DISTANCE & ONLINE EDUCATION
RABINDRA BHARATI UNIVERSITY



Self-Learning Materials

for

M.A. (POLITICAL SCIENCE)

(Under CBCS)

Semester	C.C	Units
2	2.1	1–8

Rabindra Bhavan, EE 9 & 10, Sector – II, Salt Lake City, Kolkata – 700050, Phone - (033) 23584014/ 4016/ 4018
Website: www.rbudde.in, E-mail: director.cdoe@rbu.ac.in

COURSE CONTRIBUTORS

NAME	DESIGNATION	INSTITUTIONAL AFFILIATION
Sabyasachi Basu Ray Chaudhury	i)Hon'ble Vice-Chancellor ii)Professor	i)Rabindra Bharati University ii)Department of Political Science, Rabindra Bharati University
Jhilam Poptani	Associate Professor	Department of Political Science, Vivekananda College, West Bengal State University
Parikshit Thakur	Assistant Professor	Department of Political Science, Dwijendralal College, University of Kalyani

COURSE EDITOR

NAME	DESIGNATION	INSTITUTIONAL AFFILIATION
Partha Pratim Basu	Professor	Department of International Relations, Jadavpur University
Prosenjit Pal	Associate Professor	Department of Political Science, Diamond Harbour Women's University

EDITORIAL ASSISTANCE

NAME	DESIGNATION	INSTITUTIONAL AFFILIATION
Sreetapa Chakrabarty	Assistant Professor in Political Science	Centre for Distance & Online Education, Rabindra Bharati University

March, 2021 © Rabindra Bharati University

All rights reserved. No part of this SLM may be reproduced in any form, by mimeograph or any other means, without permission in writing from the Rabindra Bharati University, Kolkata.

Printed and published on behalf of the Rabindra Bharati University, Kolkata by the Registrar, Rabindra Bharati University.

Printed at East India Photo Composing Centre

69, Sisir Bhaduri Sarani, Kolkata – 700 006

C.C : 2.1
Concepts and Theories of International Relations

Contents

Unit 1. Scientific Approach to International Relations: TheDebate between 'Tradition' and 'Science' 1-13

Unit 2. Realism and its Critiques 14-25

Unit 3. Systems Theory and Decision-making 26-32

Unit 4. Approaches to the Political Economy ofInternational Relations 33-43

Unit 5. Conflict and Cooperation in International Relations:Communications and Game Theory 44-48

Unit 6. Post-Positivist Interventions in the Study ofInternational Relations: Normative Theory and Critical Theory 49-57

Unit 7. Constructivism, Postmodernism and Feminism inInternational Relations 58-71

Unit 8. Post-Cold War Era and the Debate on Unipolarity 72-74

পাঠক্রম : 2.1

Unit-1

আন্তর্জাতিক সম্পর্কের বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী : সাবেকী বনাম বৈজ্ঞানিক মতবাদের বিতর্ক

Scientific Approach to International Relations : The Debate between 'Tradition' and 'Science'

বিষয়সূচী :

১.১ পাঠ-উদ্দেশ্য

১.২ ভূমিকা

১.৩ দৃষ্টিভঙ্গি কি ও তার প্রয়োজন কেন?

১.৪ উপসংহার

১.৫ মূল্যায়ন নিমিত্ত প্রশ্নাবলী

১.৬ সাহায্যকারী গ্রন্থপঞ্জী

১.১ পাঠ-উদ্দেশ্য

এই এককটি পড়লে আপনি জানতে পারবেন

(i) আন্তর্জাতিক সম্পর্কে দৃষ্টিভঙ্গির প্রয়োজনীয়তা—

(ii) দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর্বে সমাজ বিজ্ঞান চর্চা ও আন্তর্জাতিক সম্পর্কে সাবেকী বনাম বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি বিতর্ক

(iii) আন্তর্জাতিক সম্পর্ক চর্চায় সাবেকী দৃষ্টিভঙ্গির সমর্থনে ও বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির বিপক্ষে হেডলি বুলের যুক্তি

(iv) হেডলি বুলের সমালোচনায় ও বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির স্বপক্ষে মর্টন কাপলনের যুক্তি

১.২ ভূমিকা

আন্তর্জাতিক সম্পর্ক চর্চার সূত্রপাত প্রাচীনকাল থেকে হলেও, মূলত বিংশশতাব্দীর দ্বিতীয় দশকের গোড়ায় আন্তর্জাতিক সম্পর্ক একটি স্বতন্ত্র পাঠ্য বিষয় হিসাবে আত্মপ্রকাশ করে। আত্মপ্রকাশের পরই আন্তর্জাতিক সম্পর্কের তাগিদ দেখা দেয় কৌলিন্য অর্জনের প্রতি যার জন্য তত্ত্বনির্মাণ ছিল অত্যন্ত জরুরি। এই তত্ত্বনির্মাণের পথে বহু মতের বিতর্কের ফলে জন্ম হয় দৃষ্টিভঙ্গির যা আন্তর্জাতিক সম্পর্কে ধাত্রী শাস্ত্র হিসাবে রাষ্ট্র বিজ্ঞান প্রবলভাবে পরিলক্ষিত হয়। স্বাতন্ত্র প্রতিষ্ঠার লক্ষ্যে

আন্তর্জাতিক সম্পর্ক তত্ত্বনির্মাণে জোর দেওয়া হলেও তিনটি মূল বিতর্ক আন্তর্জাতিক চর্চায় তাত্ত্বিক ধারাকে সংযুক্ত করে ঠাণ্ডাযুদ্ধের কাল অব্দি। এই তিনটি বিতর্ক আন্তর্জাতিক সমাজে তিন মহাবিতর্ক নামে পরিচিত। আন্তর্জাতিক সম্পর্কের আলোচনা যেহেতু খানিকটা বাস্তবানুগ এবং মানবীয় ও রাষ্ট্রীয় আচরণের ধারা প্রত্যক্ষভাবে প্রভাবিত হয়ে নৈরাজ্য মূলক আন্তর্জাতিক ব্যবস্থাকে ব্যাখ্যা করার চেষ্টা করে, তাই প্রশ্ন ওঠে আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে পদ্ধতিগত বিষয় বৈজ্ঞানিক হওয়া উচিত নাকি তা নৈতিকতার দ্বারা পরিচালিত হওয়া উচিত। এই মূল বিষয়কে কেন্দ্র করেই ওঠে দৃষ্টিভঙ্গির পার্থক্যের প্রশ্ন যা দ্বিতীয় মহাবিতর্কের কেন্দ্রবিন্দু। এটি মূলত দার্শনিকভাবে দৃষ্টবাদ বনাম উত্তর দৃষ্টবাদের বিতন্ডা যা অন্যান্য শাস্ত্রের মত আন্তর্জাতিক সম্পর্কের উপরে গভীরভাবে প্রভাব ফেলে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তীতে আন্তর্জাতিক সম্পর্কের আলোচনা যুদ্ধ চর্চা, অপেক্ষা শান্তি শৃঙ্খলা ও স্থিতিশীলতা বিশ্ব রাজনীতির ও উদ্বেগের পরিস্থিতি ব্যাখ্যার জন্য ব্যবহৃত হয়। হেডলি বুল World Politics জার্নালের 1966 সালের একটি সংখ্যায় একটি প্রবন্ধ লেখেন, International Theory : The case for a classical Approach" এই শিরোনাম এ।

বুলের আলোচনার প্রেক্ষিতে Morton Kaplan 1966 -এর অক্টোবর মাসে একটি প্রবন্ধ লেখেন—The new Great Debate : Traditionalism vs Science in International Relation. নামে কাপালনের মতে বিজ্ঞান যেমন গবেষণার বিষয় ও গবেষকের উদ্দেশ্যে মধ্যে একরকম নিরগক্তি তৈরি করা বাস্তব আন্তর্জাতিক সম্পর্ক বিষয় হিসাবে মানবীয় আচরণের দ্বারা প্রগঠিত হওয়া কারণে তা ব্যক্তিসম্পর্কের সাথে সমৃক্ত। কাপালনের মতে এই গবেষণার দ্বারাচালিত না উদ্দেশ্য দ্বারা ?? হার গবেষণা ফয়াচুন বা বোঝা প্রয়োজন তারমতে প্রকৃতি বিজ্ঞান ও সমাজবিজ্ঞানের চরিত্র গত পার্থক্যের ফলে উভয়ের মধ্যে পূর্বঅনুমানে পার্থক্য আছে কিন্তু এতদসত্ত্বেও বৈজ্ঞানিক বিশ্লেষণে মানব চিরতর বিশ্লেষণ অসম্ভব নয় এবং মডেলের ব্যবস্থার আগে উপযুক্ত মাত্রায় বিস্তৃত্ত বাস্তবের জ্ঞান অত্যন্ত জরুরি এবং একমাত্র আন্ত: বিষয়ক ও বহুমুখী গযেণায় পারে সে পথ উন্মুক্ত করতে। কিনতু বাস্তবে দেখা যায় সাবেকী ও বৈজ্ঞানিক উভয় দৃষ্টিভঙ্গির মধ্যে এই বিতর্ক আজও বিদ্যমান এতদসত্ত্বও এ বিশেষ সাবেকী ও বৈজ্ঞানিক পদ্ধতির যৌথ প্রয়োগই গবেষক সিদ্ধান্ত উপনীত হতে সাহায্য করে আসলে এই বিতর্ক আজও পদ্ধতির বিতর্ক বিষয় বস্তুর হয়।

স্বতন্ত্র পাঠ্য বিষয় হিসাবে আন্তর্জাতিক সম্পর্ক নবীন এবং অনেকখানিই মার্কিন যুক্তরাষ্ট্রের বৌদ্ধিক চর্চার দ্বারা ব্যাপকভাবে প্রভাবিত। যদিও পরবর্তীতে ব্রিটেনে, ইউরোপে এমনকি সাম্প্রতিককালে অইউরোপীয় দেশে আন্তর্জাতিক সম্পর্কের চর্চা নিয়ে মনোজ্ঞ আলোচনা করেছেন ব্যরি বুজান (Bary Buzan) এবং অমিতাভ আচার্য (Amitava Acharya) তাদের non western International Relations Theory প্রবন্ধে। কিন্তু নবীন শাস্ত্র হিসাবে স্বীকৃতি লাভের পরই আন্তর্জাতিক সম্পর্কের ব্যাখ্যাকারদের মধ্যে তাগিদ দেখা দিয়েছিল তত্ত্ব নির্মাণের প্রতি কারণ তত্ত্ব নির্মাণ হল যেকোন বিষয়ের কৌলিন্যের প্রশ্নের সাথে জড়িত। তত্ত্ব নির্মাণ প্রসঙ্গে অনেকেই আলোচনা করেছিলেন, যদিও এ প্রসঙ্গে 1966 সালে মার্টিন হোয়াইট (Martin White) একটি মন্তব্য করেছিলেন একটি প্রবন্ধে। এই প্রবন্ধের নাম ছিল 'only is there no international Theory'? এই প্রবন্ধে তিনি বলেছিলেন যে রাষ্ট্রবিজ্ঞানের মতো আন্তর্জাতিক সম্পর্কের চর্চার কোনো উচ্চমানের প্রবণতা নেই। জাতীয় রাজনীতির মতো আন্তর্জাতিক রাজনীতি যেহেতু জাতিরাষ্ট্র কর্তৃত্ব অনুযায়ী চলে না সেহেতু আন্তর্জাতিক সম্পর্কের মূল উদ্দেশ্য হল নৈরাজ্যমূলক পরিবেশে জাতিরাষ্ট্র কিভাবে অস্তিত্ব রক্ষা করবে তার কৌশল ঠিক করা। এই কারণে রাষ্ট্রবিজ্ঞানের পূর্বানুমান যদি হয় মূল্যবোধাত্মক নৈতিকতার আলোচনা (Postulates) তাহলে আন্তর্জাতিক। রাজনীতির পূর্বানুমান হল সেই প্রকার তত্ত্বায়ন যা জাতীয় স্বার্থ ও নিরাপত্তার মানদণ্ড যথার্থ বলে মনে করে। দৃষ্টিভঙ্গি (Approach) হল তত্ত্বচর্চার একটি অন্যতম দিক, তাই আন্তর্জাতিক সম্পর্ক চর্চায় দৃষ্টিভঙ্গির উপর গুরুত্ব আরোপ করা হতে থাকে বিংশ শতাব্দীর শুরু থেকে

যা এই শতাব্দীর দ্বিতীয়ার্ধে অন্য মাত্রা লাভ করে। দৃষ্টিভঙ্গি (Approach) তৈরির একটি বড় কারণ হল যে কোনো নব উদ্ভুত শাস্ত্র বিষয় সাধারণভাবে অত্যন্ত অগোছালো (Chaotic) আর এই অগোছালো আলোচনাকে বোধগম্য করার অন্যতম হাতিয়ার হল দৃষ্টিভঙ্গি। অন্য দিক দিয়ে বিষয়গতভাবে 'দৃষ্টিভঙ্গি' (Approach) হল যে কোনো বিষয়ের পরিপূর্ণ বিকাশের মাত্রা বোধক।

১.৩ দৃষ্টিভঙ্গি কি ও তার প্রয়োজন কেন?

যখনই কোনোও জটিল বিষয়কে যে কোনো শাস্ত্র তার চর্চার আক্ষিকে নিয়ে আসে তখনই তার উপযুক্ত ও বিষয়ানুগ (Subjective) অনুশীলনের জন্য দৃষ্টিভঙ্গির প্রয়োজন হয়। অন্তত (Albatt 2001) এর মতে তত্ত্বকাররা তাই মনে করেন এবং এটি যে কোনো শাস্ত্রের মতো আন্তর্জাতিক সম্পর্কেও কিয়াদংশে সত্যি। যদিও যারা বিষয়ানুগ চর্চা করে থাকেন তাদের কাছে একাধিক দৃষ্টিভঙ্গির উপস্থিতি স্বস্তিদায়ক নাই হতে পারে, কিন্তু এটা মনে করার কোনোও কারণ নেই যে, একাধিক তত্ত্বের বা দৃষ্টিভঙ্গির উপস্থিতি আদতে বিষয়ের তাত্ত্বিক অনুশীলন চর্চার এক ধরনের ব্যার্থতা। বরং নোবেল প্রাইজ জয়ী হাবার্ট সাইমনকে অনুসরণ করে বলা চলে যে শাস্ত্রচর্চার মধ্যে একাধিক দৃষ্টিভঙ্গির উপস্থিতি আদতে বিজ্ঞান মনস্কতার পরিচায়ক এবং বৈজ্ঞানিক শাস্ত্র চর্চায় ও তাকে উৎসাহিত করা হয়ে থাকে উদ্ভাবনের প্রত্যাশায়। যদিও আন্তর্জাতিক সম্পর্ক মানববিদ্যাচর্চা (Humanitics) ও সমাজবিজ্ঞানচর্চা (Social Science) চর্চার সাথে সংযুক্ত তবুও বিজ্ঞান মনস্কতার প্রভাব যে এতে ছিল না এমনটা নয়। বরং বিজ্ঞান চর্চা একে পরোক্ষ ব্যাপকভাবে প্রভাবিত করেছিল, অন্যান্য সমাজবিজ্ঞান ও মানববিদ্যা চর্চার মতোই।

Simon বলেছেন—I am a great between in pluralism in science. Any direction you proced in has a key high a prion probablity of being wrong; so it is good if other people are exploring in other directions-perhaps one of them will be on th right track. (Simon, 1992:21)

রাষ্ট্রবিজ্ঞান চর্চায় যেমন একাধিক দৃষ্টিভঙ্গি দেখা যায় যার উদ্ভব মূলত 1920 বা তার পরবর্তীতে যার মধ্যে অন্যতম হল : আচরণবাদী (Behaviourlist) নারীবাদী (Feminist), মনস্তত্ত্বিক (Psycholigical), মাক্সীয় (Marxist), উত্তর কাঠামোবাদী (Post structualist) ইত্যাদি। সহজ অর্থে বললে দৃষ্টিভঙ্গি (Approach) বলতে বোঝানো হয় কোন শাস্ত্রের এমন এক পদ্ধতিগত আলোচনা যার মধ্যে অঙ্গীভূত হল এক বিশেষ প্রকার মনোভাব (Attitude), বিষয় সম্পর্কে এক ধরনের অভিজ্ঞান (Understanding) এবং এক বিশেষ প্রকার প্রয়োগিকতা (Practice)। 1920 এর পূর্বে যে ধরনের আলোচনা রাষ্ট্রবিজ্ঞানে প্রচলিত ছিল তা ছিল খানিকটা প্রাতিষ্ঠানিক বা ব্যবস্থার চর্চা যার মধ্যে অবশ্যই নৈতিকতার প্রশ্ন থাকত কিন্তু অলোচনার কেন্দ্রবিন্দু অবর্তিত হত প্রতিষ্ঠান নয় মানুষকে কেন্দ্র করে। কিন্তু বিংশ শতকে প্রতিষ্ঠানের কেন্দ্রে যে মানুষ আছে এবং তার চর্চাও যে জরুরি যে বিষয় অনুভূত হয় এবং মানবীয় ক্রিয়া নারীপুরুষ ভেদ ইত্যাদি প্রসঙ্গ গুরুত্বের সাথে আলোচিত হতে থাকে যার ফলে উদ্ভূত হয় আচরণবাদ ও নারীবাদের মতো বিষয়। রাষ্ট্রবিজ্ঞানের তুলনায় নবীন শাস্ত্র হিসাবে আন্তর্জাতিক সম্পর্কে এই দৃষ্টিভঙ্গির আলোচনা শুরু হয়েছে তার একটু পরের দিকে, মূলত দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পর্বে তাই সাবেকী কলম বিজ্ঞান সংক্রান্ত আন্তর্জাতিক সম্পর্কের দৃষ্টিভঙ্গি সংক্রান্ত আলোচনায় করার পূর্বে এটা বোঝা জরুরি যে বিজ্ঞান' বলতে আদতে কি বোঝানো হয়? যদিও শব্দার্থগত ভাবে বিজ্ঞান হল বিশেষার্থবোধক জ্ঞান কিন্তু আন্তর্জাতিক সম্পর্কের আলোচনায় বিজ্ঞান বা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিতে বৈজ্ঞানিক শব্দের বিষয়ানুগ প্রয়োগিক ব্যবহার বোঝা অত্যন্ত জরুরি, কারণ

সংকীর্ণ অর্থ বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিতে বিজ্ঞান শব্দ ব্যবহারের অর্থ এই নয় যে আন্তর্জাতিক সম্পর্কের আলোচনাকে সংখ্যাকত্ব, কিছু কৌশল (Tool) ব্যবহার করে প্রাকৃতিক বিজ্ঞানের যান্ত্রিকতার উপযোজন বরং এখানে বিজ্ঞান শব্দটি খানিকটা আনুষ্ঠানিকতা (operational) ও মননের সাথে জ্ঞানতাত্ত্বিক (epistemology) চর্চার বিষয়টিও জড়িত।

প্রসঙ্গ ক্রমে বলে রাখা ভালো যে, আন্তর্জাতিক সম্পর্কের বিকাশের পর্ব থেকে আজ পর্যন্ত যে তত্ত্ব চর্চা হয়েছে তা মূলত হয়েছে বিতর্ক বা বিতন্ডার মধ্য দিয়ে। এই বিতর্কগুলির মধ্যে তিনটি বিতর্ক হল খুব গুরুত্বপূর্ণ—

(i) প্রথম বিতর্ক—আদর্শবাদ (Idealism) বনাম বাস্তববাদ (Realism)

(ii) দ্বিতীয় বিতর্ক— সাবেকি পদ্ধতি (Traditional) বনাম বৈজ্ঞানিক (Science) পদ্ধতির বিতর্ক।

(iii) তৃতীয় বিতর্ক—নয়াবাস্তববাদ (Neo-realism) বনাম নয়া উদারনীতিবাদ (Neo-liberalism) বিতর্ক নয়া- নয়া বিতর্ক।

এর বিতর্কগুলির মধ্যে দ্বিতীয় বিতর্কটি আজও বহমান এবং বহুক্ষেত্রে তা তৃতীয় মহাবিতর্কের পরে উদ্ভুত দৃষ্টবাদ ও উত্তরদৃষ্টবাদী বিতর্কের মধ্যেও বহমান হয়েছে। সুতরাং আন্তর্জাতিক সম্পর্কের দ্বিতীয় এই বিতর্কটি আজও অত্যন্ত প্রাসঙ্গিক এবং এই কারনেই এই বিতর্কটির চর্চা বহমান। এই আলোচ্য অংশে আন্তর্জাতিক সম্পর্কের দৃষ্টিভঙ্গি সংক্রান্ত যে আলোচনা তা এই দ্বিতীয় মহাবিতর্ক থেকেই উদ্ভুত। মনে রাখতে হবে যে আন্তর্জাতিক সম্পর্ক চর্চার এই দ্বিতীয় বিতর্কটি কিন্তু মূলত পদ্ধতিগত (Methodological) বিতর্ক, এটি কিন্তু সেই অর্থে বিষয়গত বিতর্ক নয় এবং এই কারনেই এটি দৃষ্টিভঙ্গির সাথে ওতপ্রোত ভাবে জড়িত। কিন্তু দ্বিতীয় বিতর্কে প্রবেশ করে সেই সংক্রান্ত দৃষ্টিভঙ্গিগত আলোচনা শুরু করার পূর্বে অন্তত প্রথম মহাবিতর্কের বিষয়বস্তুর একটু সংক্ষেপে আলোচনা প্রয়োজন।

প্রথম মহাবিতর্ক ও বিজ্ঞান বনাম সাবেকি আলোচনা পদ্ধতির বিতর্কের প্রেক্ষাপট : বিংশ শতাব্দীর প্রথমার্দ্ধে তিনটি মূল তাত্ত্বিক ধারা আন্তর্জাতিক সম্পর্কের আলোচনায় প্রভাব বিস্তার করে : এগুলি হল আদর্শবাদ (Idealism), বাস্তববাদ (Realism) ও ব্যবহারবাদ (Behavioralism), 1920-30-এর মধ্যবর্তী সময়ে আন্তর্জাতিক সম্পর্কের সূচনা পর্বের প্রবক্তা উইলসনের চিন্তার হাত ধরে আদর্শবাদ বিকশিত হয়। যার পূর্বানুমান ছিল মানবচরিত্র সম্পর্কে সহযোগীতামূলক ও ইতিবাচক চিন্তাধারা যা সভ্যতার উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করবে। তদুপরি যুদ্ধ হয় আন্তর্জাতিক ব্যবহার নৈরাজ্যমূলক ব্যবহারের কারনে তাই এককভাবে জাতীয় প্রচেষ্টা হয় আন্তর্জাতিক স্তরে সমবেত প্রচেষ্ঠায় এর সমাধান করতে। অর্থাৎ আদর্শবাদী চিন্তার মধ্যে একরকম ইতিবাচক আশাবাদ লুকায়িত অবস্থায় ছিল। কিন্তু দ্বিতীয় বিশ্বযুদ্ধর পরে এই আদর্শবাদী প্রত্যাশা ব্যর্থতায় পরিণীত হয় এবং ঠাণ্ডাযুদ্ধের প্রাক্কালে উদ্ভুত অনিশ্চয়তার প্রেক্ষিত থেকে আদর্শবাদকে প্রশ্নের সম্মুখীন হতে হয়।

1930-50-এর দশকে উদ্ভুত তিনটি পারস্পরিক সম্পর্কে সংযুক্ত তিনটি প্রকাশিত গ্রন্থ আদর্শবাদী আশাবাদকে তীব্র সমালোচনা করে। এই তিনটি বই হল যথাক্রমে ১) রোনাল্ড নেবুর এর Moral man and immoral society, ২) এইচ কার-এর Twenty years crisis, এবং ৩) হান্স ডো মরগ্যানুথা এর Politics among nations : The struggle for power. রোনাল্ড নেবুর উইলসনীর আদর্শবাদে মানুষের যে চরিত্র তুলে ধরা হয়েছিল তাকে নস্যাৎ করে মানব চরিত্রের এক ক্রূড়, লোভী ও গৃস্থলের চিত্র উপস্থাপিত করেন। অর্থাৎ মানুষ যে ক্রমেই মূল্যবোধের জায়গা থেকে বহুদুর সরে গেছে যে বিষয়ে বাস্তবসম্মত ব্যাখ্যা দেন। এর সূত্র ধরে কার এবং মরগ্যানথু তাদের রচনায় ব্যাখ্যা করেন যে মানুষ চরিত্রগত ভাবে স্বার্থপর ও ক্ষমতালিপ্ত যা তার মধ্যে প্রকট গুন রূপে বিদ্যমান এবং রাষ্ট্র হল এই ক্ষমতার শিক্ষার এক বর্দ্ধিতও প্রাতিষ্ঠানিকরূপ তাই প্রতিটি রাষ্ট্র যেকোনো উপায়ে এই ক্ষমতা চরিতার্থ করতে ব্যাস্ত থাকে। নৈরাজ্যমূলক আন্তর্জাতিক ব্যবহার বিদ্যমান কাঠামোয় এই জাতীয় স্বার্থ ও জাতীয় ক্ষমতাবুদ্ধিই নিরাপত্তা ও গুরুত্ব প্রদানে সক্ষম। দ্বিধাতীর্ণ আন্তর্জাতিক ব্যবস্থার নিয়ত

সংঘর্ষমূলক ব্যবস্থায় ক্ষমতার আগেও তার সাম্যই আন্তর্জাতিক ব্যবস্থার স্থায়িত্ব বজায় রাখে, কারন প্রতিটি জাতিরাষ্ট্রের মধ্যে ক্ষমতার ক্রমবর্ধমান চাহিদার ফলে এক রকমের নিরাপত্তা সংশয় (security delema) তৈরি হয়। এইরই ফলে রাষ্ট্রগুলি একজোট হয়ে আন্তর্জাতিক আইন প্রতিষ্ঠার মাধ্যমে আন্তর্জাতিক সমস্যার শান্তিপূর্ণ মীমাংসার চেষ্টা করলে ও শেষ অবদি এই আইনী সমাধান কোনো সদর্থক ফল আনতে পারে না। কারণ নৈতিক মতৈক্য থাকলেও জাতীয় স্বার্থ রক্ষার তাগিদেই অনেক সময় যুযুধান ক্ষমতালিপ্ত জোট গঠন প্রক্রিয়া এই ব্যবস্থার অবিচ্ছেদ্য অঙ্গ হয়ে দাঁড়ায় যখন তা এই ব্যবস্থায়ে জাতি রাষ্ট্রের একক শক্তি সামর্থ্যের কারনে নিজেদের স্বার্থ চরিতার্থ করতে অসমর্থ হয়। যদিও আদর্শবাদীরা বাস্তববাদের জাতীর স্বার্থ সম্পর্কিত নেতিবাচক বক্তব্যের সাথে সাম্প্রতিকালে ও সহমত পোষণ করেন না। তদুপরি রাষ্ট্রই যে আন্তর্জাতিক ব্যবহার একমাত্র একক এই বিষয়ে বাস্তববাদের অবস্থান প্রায় অনমনীয়, কিন্তু প্রায়োগিক ক্ষেত্রে অরাষ্ট্রীয় কারক যে আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে অতিমাত্রায় ক্রিয়াশীল তাতে কোনো সন্দেহের অবকাশ নেই। এই সকল কারনেই উদ্ভবের কিছু দিনের মধ্যে বাস্তববাদ প্রবল সমলোচনার সম্মুখীন হয়। তদুপরি আন্তর্জাতিক সম্পর্ক একাধারে সংঘাতমূলক অপরদিকে সহযোগীতাযুক্ত এক ব্যবস্থা এবং অনেক ক্ষেত্রে পরিপার্শ্বিকতার কথা বিবেচনা করে জাতিরাষ্ট্র, জাতীয় স্বার্থ অপেক্ষা আন্তর্জাতিক পরিবেশ পরিস্থিতিকেই বেশি গুরুত্ব দিয়ে থাকে। আন্তর্জাতিক সম্পর্কের প্রথম বিতর্কের প্রেক্ষিত ছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধে প্রাক্কাল এবং এটি কেন্দ্রীভূত ছিল মানবীয় আচরণের ব্যাখ্যায় এবং মানবীয় আচরণের বাস্তব সম্মত বিশ্লেষণে। সে যেখানে দ্বিতীয় বিতর্কের প্রচলিত ছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর ঠাণ্ডাযুদ্ধের সূত্রপাতের পর্যায়ে বিহিত।

আন্তর্জাতিক সম্পর্কের তত্ত্বচর্চায় দৃষ্টিভঙ্গির বৈজ্ঞানিক বনাম সাবেকি পদ্ধতির মধ্যে বিতর্ক।

রাষ্ট্রবিজ্ঞানের আলোচনায় এই বিতর্কের সূত্রপাত হয়েছিল আরও একটু আগের পর্বে আর্থার বেইকের Humann nature in Politics প্রকাশের সাথে সাথে। এতে আচরণবাদের প্রত্যক্ষ ভূমিকা ছিল। মোটামুটি জীববিদ্যা থেকে উদ্ভুত হয়ে আচরণবাদ নৃতত্ত্ব রাষ্ট্র বিজ্ঞানসহ আন্তর্জাতিক সম্পর্কের চর্চার পদ্ধতিগত বিষয়কে ব্যাপকভাবে প্রগঠিত করেছিল। ইতিপূর্বে আন্তর্জাতিক সম্পর্ক আলোচনায় সাবেকিপন্থী (Traditionalist) রা আন্তর্জাতিক রাজনীতির জটিল চরিত্রকে ব্যাখ্যায় ব্রতী হয়েছিলেন। তারা দেখিয়ে ছিলেন যে আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করে থাকে জাতীয় নেতৃত্ব। যদিও এই পদ্ধতিগত বিষয়ই এইচ কার, হান্স যে মরগ্যানথু এবং রোমন্ড অ্যারন আগে থেকেই সংশয় ব্যক্ত করেছিলেন কিন্তু 1960-এর দশকের আগে তা চ্যালেঞ্জ এর সম্মুখীন হয়নি সেই অর্থে। 1960-এর দশকের মাঝামাঝি পর্ব থেকেই আন্তর্জাতিক সম্পর্কের পাঠক্রমেও চর্চায় কি প্রকার পদ্ধতি (Method) ও দৃষ্টিভঙ্গি (Approach) অনুকৃত হবে সে বিষয়ে প্রশ্ন উঠতে শুরু করে। তদুপরি দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পর্বে তৃতীয় বিশ্ব (Third world) বলে যে নতুন জাতিরাষ্ট্রে এক বর্গ (category) উঠে এল তাদের ঐতিহাসিক প্রথাগত কাঠামোকে ভেঙে ফেলেছিল ঔপানিবেশিক শাসকেরা যেখানে বৈজ্ঞানিক ইতিহাস চর্চায় নামে বিশ্বায়িত ইউরোপ কেন্দ্রিক এক প্রবণতা গ্রাস করেছিল। এই প্রেক্ষিতে নতুন আন্তর্জাতিক রাজনীতির চর্চা ও বিশ্লেষণে কিছু পরিবর্তন কাঙ্খিত ছিল। সঙ্গতকারনেই প্রশ্ন ওঠে যে উদ্ভুত পরিস্থিতিতে কি দার্শনিক আইনি বা ইতিহাসের দৃষ্টিভঙ্গির পরিবর্তে বৈজ্ঞানিক পদ্ধতি (Scientific Approach) অর্থাৎ গাণিতিক পদ্ধতি বা কঠোর অভিজ্ঞতাবাদী পদ্ধতি অনুসরণ করে চলবে এই ছিল দ্বিতীয় এই বিতর্কের কেন্দ্রবিন্দু। এই বিতর্কই আদতে Traditionalism verses Scientism এর বিতর্ক নামে বিখ্যাত, দুজন মূল তত্ত্বকারের মধ্যে এই বিতর্কটি অবর্তিত হয়েছিল এর এক প্রান্তে ছিলেন সাবেকি পন্থী Hedly Bull (হেডলি বুল) অন্যদিকে ছিলেন Morton Kaplon (মর্টন কাপলন)। 1966 সালে হেডলি বুল London school of economic and political Science এ আহুত হয়েছিলেন, দশম বেইলি সম্মেলনে। ওই সম্মেলনে বুল একটি ঐতিহাসিক বক্তৃতা দিয়েছিলেন যেটি ওই বছরই World Politics journal এ "International Theory : The case for a classical Approach" এই শিরোনামে প্রকাশিত হয়। যদিও কাপলান বনাম বুল এর এই বিতর্ককে দ্বিতীয় মহাবিতর্ক বলে অনেকেই অবিহিত করেছেন,

এতদবসত্ত্বেও এটি কিন্তু সেই অর্থে বিতর্ক কিনা তা নিয়ে প্রশ্নের অবকাশ আছে, বলে অনেকে মনে করেন যার মধ্যে অন্যতম হলেন ডেভিড এ. লেক (David. A. Lake) এবং স্টিফেন জর্জ (Stephen George) কারন বুল এর প্রবন্ধের প্রেক্ষিতে মর্টন কাপলন ওই একই বছর World Palitics এ অপর এক প্রবন্ধ লেখেন যার শিরোনাম ছিল "The New Great Debate : Traditional Vs Science in International Relation." সেই অর্থে একে একটি তাত্ত্বিক সংকট বলা যেতে পারে, কারণ বুল বা কাপলান কোনো একটি স্বীকৃত বিষয়ে নিজেদের বক্তব্য উপস্থাপন করেননি বরং তাদের নিজস্ব দৃষ্টিভঙ্গির পক্ষে শক্তিশালী বক্তব্য উপস্থাপন করে ছিলেন মাত্র। কারন পার্থক্যের ক্ষেত্র ছিল দৃষ্টিভঙ্গিগত অর্থাৎ অস্তিত্বহীন আন্তর্জাতিক সম্পর্ক চর্চার ধারায় প্রাকৃতিক বিজ্ঞানের পদ্ধতি ও প্রথা বিশেষত, গাণিতিক (Mathematical) যন্ত্র (Mechenical) বিজ্ঞানের দৃষ্টিভঙ্গি প্রয়োগ করে আধুনিক করা যায় কিনা, বৈজ্ঞানিক ও প্রথাগত আন্তর্জাতিক সম্পর্ক চর্চায় এই মূল বিতর্কটি ছিল আদতে মার্কিন আন্তর্জাতিক সম্পর্ক চর্চার ধারা বনাম ব্রিটিশ আন্তর্জাতিক সম্পর্ক চর্চায় ধারার মধ্যে একটি ধারণাগত পার্থক্যেয় চিহ্নিত উদ্ভুত। যদিও তত্ত্বচর্চার ক্ষেত্রকে অনেকে নৈব্যক্তিক ও দেশকাল নিরপেক্ষ বলে মনে করে থাকেন, কিন্তু আদর্শগতভাবে এটি ঔচিত্যবোধক মনে হলেও বাস্তবের মাটিতে কিন্তু তাত্ত্বিকরা দেশকাল, ও স্থানিকতার দ্বারা প্রভাবিত হয়ে থাকেন এবং তার সময়ে প্রতিনিধি হিসাবে তার গোষ্ঠীগত পরিচয়, ব্যক্তিগত স্মৃতি ইত্যাদির দ্বারা বিশেষভাবে প্রভাবিত হয়ে থাকেন।

পদ্ধতিগত বিতর্কের বিষয়বস্তু আলোচনার পূর্বে মার্কিন ও ব্রিটিশ আন্তর্জাতিক সম্পর্ক চর্চায় তৎকালীন অভিমুখটি বোঝা অত্যন্ত প্রয়োজন। আন্তর্জাতিক সম্পর্ক চর্চায় বৈজ্ঞানিক পদ্ধতি ও দৃষ্টিভঙ্গি আনয়নের ক্ষেত্রে মার্কিন মহলের সক্রিয় ভূমিকা ছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পর্বে যে ক্ষমতায় ভারসাম্য পরিবর্তন এসেছিল মার্কিন যুক্তরাষ্ট্র সেখানে উপনিবেশমুক্ত পৃথিবীর স্বপ্ন ফেরি করেছিল। কারন দ্বিতীয় বিশ্বযুদ্ধেয় মার্কিন অবস্থান আন্তর্জাতিক দুনিয়ায় খানিকটা একঘরে (Isolationst) ছিল। মার্কিন যুক্তরাষ্ট্রের এই বিশ্ব রাজনীতির রঙ্গমঞ্চে আকরিক উত্থান, মার্কিন বিদ্যামহলকে বিশ্বের নানা সমস্যা সম্পর্কে ওয়াকিবহাল ও উদ্বিগ করে একই সাথে নীতিনির্ধারকরা ক্ষেত্র বিশেষে চটজলদি সমাধানও করেছিল যা আন্তর্জাতিক সম্পর্কের পদ্ধতিগত পরিবর্তনে ইন্ধন যুগিয়ে ছিল। আপ্রত্যব্যভাবে তিনটি মূল ক্ষেত্রে মার্কিন যুক্তরাষ্ট্রের অগ্রনী ছিল এবং এটিই ছিল মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তিধর হওয়ার পিছনে বড় কারন। প্রথম ক্ষেত্র হল মার্কিন যুক্তরাষ্ট্র শুরু থেকে বিজ্ঞান সাধনাকে নিছক জ্ঞানতাত্ত্বিক আলোচনায় আবদ্ধ না রেখে অনেক ক্ষেত্রেই একে বিষয়গত উদ্দেশ্যসাধক, বাজারীকরণ ও বৈষয়িক উন্নতি সাধনের লক্ষ্যে ব্যবহার করেছিল, সেই কারনে এটি ছিল তার শক্তিবুদ্ধির অন্যতম উৎস। মার্কিন যুক্তরাষ্ট্রের দ্বিতীয় সাফল্যের ক্ষেত্র ছিল Cybernetics। দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পর্বে cybernetic তত্ত্বে ব্যাপকভাবে ব্যবহারের ক্ষেত্র তৈরি হয়। কারন এতে বৈষয়িক উন্নতির সাথে সাথে কায়িকশ্রম লাঘবকারী একাধিক যন্ত্রাংশ তৈরি করা সম্ভব হয়েছিল যা ছিল অত্যন্ত সস্তা। এই যন্ত্রানু প্রস্তুতি মানবীয় চরিত্রকে ব্যাপকভাবে প্রভাবিত করে গেলে এবং তাদের খানিকটা যন্ত্রাংনুকারী করে তোলে। এর ফলে নৈরাজ্যমূলক বিশ্ব ব্যবস্থাতে মার্কিন বিদ্য মহলের একাংশে যান্ত্রিক দৃষ্টিভঙ্গি অবলম্বনের প্রবনতা দেখা দেয়। যেখানে আন্তর্জাতিক সমাজকে একটি সামগ্রিক যোগাযোগমূলক ব্যবস্থা হিসাবে দেখা হতে থাকে। তারা যান্ত্রিকতার নীতি অনুযায়ী নিয়ন্ত্রণের কথা ভাবতে শুরু করেন।

তৃতীয় যুক্তিটি ছিল অর্থনৈতিক ও ব্যবসায়ীক। যদিও মার্কিন ব্যবস্থাকে (প্রশাসক ও সরকার) উদার ও মুক্ত ব্যবস্থা হিসাবে মনে করা হয়, কিন্তু দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর মার্কিন পুঁজিবাদী ব্যবস্থা কিন্তু উন্মুক্ত ছিল না। কেইনসীয় তত্ত্বের শিক্ষা নিয়ে মার্কিন অর্থনীতিতে নিউ ডিল (New deal) শুরু হয়েছিল ঠিকই কিন্তু তাতে সরকারি তরফে অভিমুখ ঠিক করে দেওয়া হয়েছিল অনেক ক্ষেত্রেই। প্রত্যাশিতভাবেই আন্তর্জাতিক রাজনৈতিক ক্ষেত্রকেও অনুরূপ অভিমুখে ঘোরানোর প্রচেষ্টা শুরু হয় মার্কিন সরকারি ও নীতি নির্ণায়কদের তরফে। ব্যবসায়ী দিক থেকে মার্কিন সাফল্য যেহেতু বৈজ্ঞানিক ব্যবস্থাপনার দ্বারা পরিচালিত ছিল কিয়দংশে তাই মার্কিন ব্যবসায়ী মহলও আন্তর্জাতিক ব্যবস্থায় এক প্রকার বৈজ্ঞানিক ব্যবস্থাপনা

চাইছিলেন। পুঁজিবসতি ব্যবসায়ীদের উল্লেখ ছিল ও নীতি নির্ধারক যাদের একাংশে ব্যবসায়ী ছিলেন তাদের উদ্দেশ্য ছিল আন্তর্জাতিক রাজনৈতির্কঅর্থনৈতিক পরিবেশকে বৈজ্ঞানিক ব্যবস্থাপনার সাহায্যে এমনভাবে নিয়ন্ত্রণ করা যাতে সহজেই শ্রমশক্তি, উৎপাদন প্রক্রিয়া ও বাজারকে নিয়ন্ত্রণ করা যায়। অর্থাৎ উদ্দেশ্য ছিল, আন্তর্জাতিক ব্যবস্থাকে ত্রিবিধ উপায়ে নিয়ন্ত্রণ করা অর্থাৎ বৈজ্ঞানিক কৌশল প্রয়োগের মাধ্যমে নিয়ন্ত্রণকে আরোও বেশি করে সুদৃঢ় করা। বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি যেহেতু সংকীর্ণ উদ্দেশ্যে চালিত ছিল তাই বুল একে কঠোরভাবে সমালোচনা করেছিলেন উদ্দেশ্যগত দিক থেকে। কারন এই বুলের মতে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি আদতে বিশেষজ্ঞ (Specialist) এবং বহু সংখ্যক সাধারণ অবিশেষজ্ঞ মানুষ (non specialist) এর মধ্যে এক বিস্তর ব্যবধান তৈরি করবে আদতে। কিন্তু বুলের মতে এই বিদেশীকৃত জ্ঞানচর্চা আদতে ক্ষতি করবে সৃজনশীল মানবের। কারণ এর ফলে দ্রব্য হবে একমাত্র মানদন্ড এবং তাতে বিশেষজ্ঞদের নিয়ন্ত্রণ করবে। এতে সাধারণ মানুষেরা পুতুলে পরিণত হবে। কারণ সাবেকি দৃষ্টিভঙ্গির মতে বিশেষজ্ঞ মন্ত্রিকর্তা আলোচ্য সৃজনশীল ব্যক্তিদের পরিপূর্ণ বিকাশ অনেক বেশি গুরুত্বপূর্ণ। বৈজ্ঞানিক সাবেকি উভয় দৃষ্টিভঙ্গি এই পর্যায়ে মূল্যবোধের এক সংকটে ভুগছিল। এক্ষেত্রে মূল্য সমস্যা ছিল তত্ত্বায়নের মূল্যবোধ আলোচ্য বৈজ্ঞানিক ব্যবস্থার অনুকরণে অনেক ক্ষেত্রেই রাজনৈতিক ও আন্তর্জাতিক ব্যবস্থা নির্মাণের চেষ্টা চলছিল। তত্ত্বে এক প্রকার পূর্বানুমান শিল্প বিষয়ের উপর ভিত্তি করে এক কাঠামো নির্মাণ করা হয় এবং পরে সেটিকে অভিজ্ঞতার আলোকে বিচার করা হয়ে থাকে। কিন্তু অভিজ্ঞতা অনেক ক্ষেত্রেই পূর্বানুমানকে গতিসিদ্ধ বলে প্রমাণ করে না কিন্তু তাতে তাত্ত্বিক কাঠামোটি ভুল বলে কিন্তু প্রতিপন্ন করা হয় না। সেই দিক থেকে দেখতে গেলে আন্তর্জাতিক সম্পর্কসহ যেকোনো বিষয়ের তত্ত্বায়ন আদতে ব্যক্তিগত ও গোষ্ঠীগত মূল্যবোধের সাথে কম বেশি যুক্ত থাকে।

সাবেকি পদ্ধতি স্বপক্ষ্যে হেডলি বুলের সমালোচনা :

1960 ও 1965 সালে দেখা যায় যে ব্যক্তিকেন্দ্রীক ও আচরণবাদী বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি মার্কিন যুক্তরাষ্ট্রসহ ইউরোপে শ্রমিক অসন্তোষ ছাত্র আন্দোলনসহ নানারূপ অস্থিতিশীলতা তৈরি করে। সাতদফা যুক্তির সাহায্যে হেডলি বুল তার প্রবন্ধে তার বক্তব্য উপস্থাপিত করেন—

প্রথমত, বিশেষতার যুক্তি : বুলের মতে গবেষনা চর্চার দুটি স্বীকৃত পদ্ধতি আছে একটি অবরোহী (Deductive) এবং অপরটি আরোহী (Inductive)। কিন্তু বুলের মতে গণিতশাস্ত্র বা পদার্থবিদ্যার সার্বজনীনতার সূত্র কিন্তু আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে কোনও একটি প্রতিষ্ঠিত বিষয়ের সাথে বাস্তবের সামঞ্জস্য বিধানের চেষ্টা করলে তাতে কাঙ্খিত ফল লাভের সম্ভাবনা খুব একটা থাকে না বরং আন্তর্জাতিক ক্ষেত্রে একটি বিশেষ উপাদান অপেক্ষা একটি উপাদানের মিথস্ক্রিয়ায় বেশি কার্যকরি বলে পরিগণিত হয়। কারণ গবেষণা জগতের মত নিয়ন্ত্রিত পরিবেশ পরিস্থিতি ও মিথস্ক্রিয়ায় উপযোগী শর্ত পাওয়া বাস্তবে প্রায় অসম্ভব বললেই চলে। তদুপরি আন্তর্জাতিক সম্পর্কের অধিকাংশ প্রশ্নের সাথেই জড়িত আছে নৈতিকতার প্রশ্ন। উল্লেখ্য যেমন—সার্বভৌম জাতিরাষ্ট্র গুলির সম্মিলিত প্রচেষ্টাই কি আন্তর্জাতিক রাজনৈতিক সমাজ ব্যবস্থার জন্ম দিয়েছে? বিভিন্ন যুক্তি ও সংগঠনের দ্বারা জাতিরাষ্ট্রের আভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করার চল থাকলেও কিভাবে ক্ষেত্র বিশেষ মানবিক কারণে রাষ্ট্রের আভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করা যায়? কোন ক্ষেত্রে যুদ্ধ অপরিহার্য ইত্যাদি? এই প্রশ্নগুলির উত্তর বুলের মতে সঠিক ও বেশ কিছু ক্ষেত্রেই বিহীত আছে মানুষের প্রজ্ঞা ও নৈতিকতার মধ্যে। অধিকাংশ বৈজ্ঞানিক পদ্ধতি অনুশীলনকারী তাত্ত্বিকদের পক্ষে এই ধরনের প্রশ্নের উত্তর দেওয়া বেশ শক্ত। ক্ষেত্র বিশেষ অনেক বৈজ্ঞানিক পদ্ধতি অনুশীলনকারীরা এগুলিকে এড়িয়ে চলেন অথবা এত বেশি পদ্ধতিগত আলোচনায় গুরুত্ব আরোপ করে থাকলে যে মূল বিষয়ের আলোচনা অনেক ক্ষেত্রে তা গৌন হয় পড়ে। এর ফলে আন্তর্জাতিক সম্পর্কের গতিময়তার যে অভিমুখ সে বিষয়ে এত বেশি যান্ত্রিকতা

অনুযায়ী হয়ে ওঠে তাতে বিষয়ে হিসাবে এর প্রতি সংবেদনশীলতার ঘাটতি দেখা দেয় যা পক্ষান্তরে এক নৈতিকতার সংকট তৈরি করে। তারা আন্তর্জাতিক সম্পর্ককে নতুনভাবে দেখেছেন যা বিষয় হিসাবে আন্তর্জাতিক সম্পর্কের কাছে আদতে অস্তিত্বের প্রশ্ন হয়ে দাঁড়ায়।

দ্বিতীয়ত, সৃজনশীলতার যুক্তি : বৈজ্ঞানিক পদ্ধতির অনুসারী বিশ্লেষকরা আন্তর্জাতিক সম্পর্কের আলোচনায় যখনই সৃজনশীল উদ্ভাবনী দিক থেকে দেখার চেষ্টা করেছেন তখনই তারা বৈজ্ঞানিক পদ্ধতিকে অতিক্রম করে সাবেকি পদ্ধতির সাহায্য নিয়েছেন। হেডলি বুল উদাহরণ হিসাবে টমাস শেলিং (Thomas Schelling) অস্ত্র নিয়ন্ত্রণ দরকষাকষি ইত্যাদিকে game Theory এর মতো গাণিতিক তত্ত্বের সাহায্যে ব্যাখ্যা করার ক্ষেত্রে যেমন জটিল অঙ্কের সাহায্য নিয়েছেন তেমন একই পথে রাজনৈতিক আলাপ আলোচনা ও দার্শনিক দৃষ্টিভঙ্গির সাহায্য নিয়েছেন।

তৃতীয়ত, চলক নিয়ন্ত্রণের যুক্তি : হেডলি বুল আরও বলেছেন যে, বৈজ্ঞানিক প্রয়োগ পদ্ধতির সাহায্যে আন্তর্জাতিক সম্পর্ককে যে স্তরে পৌঁছানোর চেষ্টা করেছেন তাতে অনেকের মনে হতে পারে যে বৈজ্ঞানিক আলোচনার সাহায্য আন্তর্জাতিক রাজনীতি এক দিন বৈজ্ঞানিকশাস্ত্রে উপনীত হবে। কিন্তু বুলের মতে তা দুরাশামাত্র এছাড়া আন্তর্জাতিক রাজনীতিতে চলক (vaible) যেহেতু অনেক বেশি তাই বিজ্ঞান নির্ভর শাস্ত্রের মতো একে নিয়ন্ত্রণ করা বেশ কঠিন। এই একই কারণে বিজ্ঞানের মতো সার্বজনীন তত্ত্ব নির্মাণ কঠিন।

চতুর্থত, মডেল নির্মাণের বিশেষ যুক্তি যে কোনও বৈজ্ঞানিক শাস্ত্রের উদ্দেশ্য হল মডেল নির্মাণ। বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির প্রবক্তাগণ আন্তর্জাতিক সম্পর্কের প্রবক্তাদের মডেল নির্মাণের প্রচেষ্টা করেছেন। এবং বহু মডেলও নির্মাণ করেছেন। বুল এই প্রবণতার তীব্র সমালোচনা করেছেন, তার কাছে মডেল (Model) হচ্ছে a deductive system of axtoms and theorems অর্থাৎ বুলের মতে মডেলের উদ্দেশ্য হল কতকগুলি পরিবর্তনশীল উপাদানকে কেন্দ্র করে কিছু ব্রত সিদ্ধ নির্মাণ করা ও তাকে প্রতিষ্ঠত করা এবং তার নিরিখে বাস্তব আন্তর্জাতিক সম্পর্কের জটিল পরিবেশ ও পরিস্থিতি বিশ্লেষণ করা। উদাহরণস্বরূপ মর্টন কাপলন (Morton Kaplan) যেমন তার ব্যবস্থাতত্ত্ব বিশ্লেষণ করতে গিয়ে ছয়টি মডেলের উল্লেখ করেছেন যেমন—১) শক্তিসাম্যের ব্যাবস্থা (Balance of Power System), যেখানে দুটি যুযুধান দেশ, বা গোষ্ঠীর মধ্যে আগন্ত বিরোধ সত্বেও একটি আগন্ত শান্তি বিরাজ করে। ২) শিথিল দ্বিমেরু ব্যবস্থা (loose bipalar system) যেখানে একটি দ্বিমেরু কেন্দ্রিক সমাজে বিন্যাস থাকলেও শিথিল এক ভারসাম্যের অবস্থা বিরাজ করে। ৩) চিরায়ত একক ব্যবস্থা (Universal Acter System) এখানে একটি মাত্র ক্ষমতাকেন্দ্র শক্তিশালী থাকে, ৪) গুরভিত্তিক আন্তর্জাতিক ব্যবস্থা (Hierarchacal International System) যেখানে স্তরবিন্যাস্ত আন্তর্জাতিক ব্যবস্থার মধ্যে ক্ষমতার বিন্যাস থাকে এবং ৫) Unit Veto System বুলের মতে সমস্যা হল উপরিউক্ত সব মডেলই কিন্তু ঐতিহাসিক পারস্পর্য বজায় রেখে আন্তর্জাতিক সম্পর্কের অভিমুখকে উপযুক্তভাবে ব্যাখ্যার অসমর্থ হয়েছে। তাছাড়া বৈজ্ঞানিক দৃষ্টিকোণ অনুসরণ করে এক মডেলের পরবর্তীতে যে পরবর্তী মডেল অব্যসম্ভাবী ভাবে অধির্ভূত হবে তা নিশ্চিত করে বলা মুশকিল। তাছাড়া আন্তর্জাতিক ব্যবস্থায় যে সকল চলক বা Variable থাকে উপরি উক্ত সব মডেলই আন্তর্জাতিক সম্পর্কে মডেল নির্মাণের ক্ষেত্রে এর ক্ষেত্রে বড় প্রশ্নচিহ্ন রেখে গেছে।

পঞ্চম পরিমানগত বিশ্লেষণের বিরুদ্ধে যুক্তি : বুলের অপর সমালোচনা হল পরিমান ও পরিমিতগত পদ্ধতির মাত্রাতিরিক্ত প্রয়োগের বিরুদ্ধে। হেডলি বুল মনে করেন যে আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে যারা পরিমাণগত বিশ্লেষণ (quantity Analysis) ও অত্যাধিক মাত্রায় পরিমিতির ওপর (Measurement) নির্ভর করে, বিজ্ঞান নির্ভর সার্বজনীন তত্ত্বে পৌঁছতে হয়। এক্ষেত্রে উদাহরণ হিসাবে কার্ল ডয়েশ (Karl Deutsch) এবং ব্রাশ রাস্টে (Bruce Russett) তাদের যোগাযোগ তত্ত্ব আলোচনা করতে গিয়ে একদেশ থেকে অন্য দেশে মানুষের যাতায়াত ও চিঠিপত্রের আদান-প্রদান তথ্যের উপর ভরসা করেছিলেন কিন্তু সাবেকি তাত্ত্বিকরা প্রশ্ন তোলেন যে সত্যিই কি এর ফলে উভয় দেশের মধ্যে রাজনৈতিক অন্তরদন্ড বা পারস্পরিক অন্তরদন্ড গড়ে ওঠে? তাঁরা এদের বলেন যে তা সর্বক্ষেত্রে ইতিহাস সমর্থিত নয়।

ষষ্ঠত : প্রবণতা ও বাহুল্য হীনতার উপর গুরুত্ব : বৈজ্ঞানিক পদ্ধতির সমর্থকগণ আন্তর্জাতিক তত্ত্বের বিকাশে যথাযথ হবার প্রবণতা, সাংকেতীকরণ এবং বাহুল্যহীনতার (Precision) ওপর গুরুত্ব দেন। কিন্তু যারা আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে সাবেকি পদ্ধতি প্রয়োগ করেন, তারাও কিন্তু এগুলোকে অস্বীকার করেন কারণ আন্তর্জাতিক সম্পর্কের একাধিক বিশেষজ্ঞগণ যেমন—আন্তর্জাতিক আইনবিশেষজ্ঞ Opeen leiem অথবা সমসাময়িক বাস্তববাদী Hans J. Margerthan, রেমন্ড এরণ অথবা কৌশলগত বাস্তববাদী কেনেথ ওয়ালজ প্রত্যেকেই উপরিউক্তি যথাযথ হবার প্রবণতা ও বাহুল্যহীনতার প্রবক্তাকে অনুসরণ করেছেন ঠিকই কিন্তু এরা যে প্রত্যেকে তাদের তত্ত্বচর্চার ক্ষেত্রে তথাকথিত বৈজ্ঞানিক পদ্ধতির প্রয়োগ করেছেন তা বলা যাবে না বরং অনেকক্ষেত্রে নৈতিকতার প্রশ্ন আলোচনা করেছেন গুরুত্বের সঙ্গে এত সত্ত্বেও বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির প্রবক্তারা শুধুমাত্র বাছাই করা কিছু ঘটনা ও তথ্যকে নিয়ে দৃষ্টান্ত স্থাপন করেছেন, যা একে সার্বিক বলে প্রতিষ্ঠা করতে পারেনি।

সপ্তমত ঐতিহাসিক ও দাশর্নিকতা অনাক্রমের যুক্তি : হেডলি বুল মনে করেন যে যারা প্রকৃত অর্থে বিজ্ঞান চর্চা করেন তাদের সাথে দাশর্নিক ও ঐতিহাসিকতার কোনও সহগত স্ববিরোধ নেই, তা সত্বেও ইতিহাস ও দর্শনকে অগ্রাহ্য করে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির অনুগামীরা আন্তর্জাতিক সম্পর্কের ব্যাখ্যা করে আদতে আত্মসমীক্ষার রাস্তাও রুদ্ধ করেছেন। এর ফলে আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে এক প্রকার অপ্রাপ্ত বয়স্ক ও হঠকারী দৃষ্টিভঙ্গির জন্ম দিয়েছেন। এর ফলে তারা একধরনের তাত্ত্বিক অধিমিশ্রণকারীতার জন্ম দিয়েছে যা আদতে আন্তর্জাতিক সম্পর্ককে বিজ্ঞান সম্মত করে তুলতে না পারলেও এক ধরনের তাত্ত্বিক সঙ্কট খাড়া করেছে যা শাস্ত্র হিসাবে এর অগ্রগতিকে খানিকটা প্রতিহত করেছে বলা চলে। হেডলি বুলের দৃষ্টিভঙ্গির সমালোচনার প্রত্যুত্তরে মর্টন কাপলান (Morton A. Kaplan) 1966 সালের অক্টোবর মাসে (World Politics) এর 19নং সংখ্যায় তার প্রত্যুত্তর দেন। তার এই প্রবন্ধের শিরোনাম ছিল The New Great Debate : Traditionalgsm vs Science in International Relations, এই প্রবন্ধের শুরুতে কাপলান শুরু করেছেন E.H. Carr এর **Twenty years crisrs** বইটির সূত্রধরে যেখানে বৈজ্ঞানিক সূত্রের সমালোচনা করেছিলেন কার। তিনি বলেছিলেন যে যারা গবেষণাগারে ক্যান্সার নিয়ে গবেষণা করছেন তাদের আসলে উদ্দেশ্য হল ক্যান্সারের নির্মূলীকরণ। কিন্তু লক্ষণীয় বিষয় এক্ষেত্রে গবেষণার উদ্দেশ্যকে গবেষণা প্রক্রিয়া থেকে পৃথকীকৃত করা সম্ভব। অতএব তার গবেষণালব্ধ ফলের উদ্দেশ্য হল আদতে নির্ভেজাল এক পরীক্ষালব্ধ প্রমাণ উপস্থাপনা যা তথ্যভিত্তিক ও সত্যনিষ্ঠ। এক্ষেত্রে গবেষণালব্ধ তথ্য নিরপেক্ষভাবে অবস্থান করে এবং এ নিয়ে ব্যক্তিগতভাবে কোনও ভাবার অবকাশ নেই যেহেতু অধিকাংশ ব্যক্তিই এ সম্পর্কে অজ্ঞ তাই। রাষ্ট্র বিজ্ঞানে এ ধরনের কোনও গবেষণার বিষয় ব্যক্তি নিরপেক্ষ হতে পারে না কারণ উৎপত্তিগতভাবে রাষ্ট্রবিজ্ঞান বা আন্তর্জাতিক সম্পর্ক প্রভাবিত হয় মানবীয় আচরণের দ্বারা, তাই গবেষণালব্ধ বিষয়ের ক্ষেত্রে পার্থক্য আছে। এই কারণে গবেষক সচেতন বা অচেতনভাবে রাষ্ট্র বিজ্ঞানের ও ব্যক্তির সম্পৃক্ত কোনও সমস্যার সুরাহয় তৎপর। যখন মানবীয় সমস্যা সমাধানে তৎপর হয়ে তারা কোনও সমস্যার সমাধান করতে চান তখন তারা স্বাভাবিকভাবেই মানুষ কোনও পরিস্থিতিতে কি ধরনের আচরণ করতে পারে তার দ্বারা পরিচালিত হয়ে কিছু সিদ্ধান্ত উপনীত হবার চেষ্টা করেন। কিন্তু একই অনুমানের উপর ভিত্তি করে যদি কোনও ওষুধ মানুষের জীবনের উপর কি ধরনের পার্শ্ব প্রতিক্রিয়া করে সে বিষয়ে যদি কোনও সিদ্ধান্ত তার উপনীত হওয়ার চেষ্টা করে তাহলে সেক্ষেত্রে সমস্যা তৈরি হয়। কারণ ওষুধের পার্শ্ব প্রতিক্রিয়া এবং মানবীয় পার্শ্ব প্রতিক্রিয়ার মধ্যে কিছু চারিত্রিক পার্থক্য আছে। তদুপরি মানুষের প্রতিটি শরীরে একই ওষুধের প্রতিক্রিয়া ক্ষেত্র বিশেষ যে একী রকম তার কোনও নিশ্চয়তা নেই। এক্ষেত্রে যদি কোনও গবেষক একটি ওষুধের মানবীয় শরীরের উপর প্রতিক্রিয়ার নির্ণয়ের চেষ্টা করেন তা হলে দেখা যাবে যে, তিনি যদি উদ্দেশ্যগতভাবে কোনও একটি ওষুধের প্রতিক্রিয়া বোঝার চেষ্টা করেন তাহলে তিনি কিভাবে দেখিয়ে প্রমাণ বা প্রতিষ্ঠিত করতে চাইছেন তদানুযায়ী তার স্যাম্পেল বা কেস এর সংখ্যা চিহ্নিত

করবেন। এখানে মর্টন কাপলান শুরু করেছেন তার বক্তব্যের মূল বিষয় ধরে। তিনি বলেছেন যে ক্ষেত্র বিশেষে ধরে নেওয়া হয় যে রাজনীতি শাস্ত্র সাধারণত উদ্দেশ্য (Purpose) এর দ্বারা চালিত হয় সেজন্য প্রকৃতি বিজ্ঞানের সাথে এর পার্থক্য আছে এবং উদ্দেশ্যগতভাবে বৈজ্ঞানিক সাধারণত তথ্যলব্ধ ফল দ্বারা পরিচালিত যে করে সে জ্ঞানতত্ত্বের বিষয়টি খানিকটা অগ্রাহ্য করে থাকে। এই কারণে পরীক্ষাগারের পরীক্ষালব্ধ ফল কখন বাস্তব জগতে প্রয়োগের চেষ্টা হয় তখন অনেক ক্ষেত্রেই যে ধরনের সাংক্ষেপীকরণ (preesion)-এ পৌঁছায় তা সময় ও বাস্তবপোযোগী হয় না। কার বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির সমালোচনা করে যে দুটি প্রতিপাদ্য দৃষ্টান্ত নিয়েছেন তার সমালোচনা করেছেন মর্টন কাপলান। তিনি তাঁর বক্তব্য বলেছেন যে কার যে দুটি দৃষ্টান্ত নিজের বক্তব্য প্রতিষ্ঠার সূত্রে গ্রহণ করেছেন প্রথমত সেদুটি প্রকৃতিগতভাবে পৃথক তাছাড়া কার তার পূর্বানুমানে দুটি ভুল করেছেন। প্রথমটি হল তিনি এমন দুটি দৃষ্টান্ত পছন্দ করেছেন যা লব্ধ তত্ত্ব ও তথ্যের মধ্যে সমন্বয় সাধন করেনি এবং উদ্দেশ্যগতভাবে তত্ত্ব ও তথ্যের মধ্যে বৈচিত্র্যমূলক বিরোধানুসঙ্কটই প্রতিষ্ঠা করেছে।

কাপলান বৈজ্ঞানিক ও সাবেকী দৃষ্টিভঙ্গীর পার্থক্যগুলি এইভাবে চিহ্নিত করেছেন—

1) গবেষণার উদ্দেশ্যগত পার্থক্য বা মতাদর্শগত পার্থক্য

2) পূর্বানুমান ও সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতিগত পার্থক্য

3) গবেষকের বিশ্লেষণের কৌশলগত পার্থক্য

এই পার্থক্যগুলির পৃথকীকরণকে মাথায় রেখে কাপলান বুলের সমালোচনার উত্তর দিয়েছেন।

1) গবেষণার উদ্দেশ্যগত পার্থক্য বা মতাদর্শগত পার্থক্য : কাপলান বলেছেন একটি ব্যবস্থাকে অনুধাবন করতে হলে পদার্থবিদ্যার মতো শুধু পদ্ধতি প্রয়োগ করে বোঝা কঠিন। কারণ কোনটা পদার্থগত বিষয় এবং কোনটি মানবীয় বিষয় তার পৃথকীকরণ সর্বাগ্রে জরুরি। বিশেষত কার যে ধরনের প্রশ্ন তুলেছেন তার যথাপযুক্ত উত্তর প্রদানের জন্য ধরা যায় কোনও একটি বিমানে একদল স্বয়ংক্রিয় বিমান চালক রাখা হল তাহলে সেই চালক যখন বিভিন্ন উচ্চতায় চলাচল করবে তখন তার দিক বদলও হবে সেই অনুযায়ী গগ এবং তার অভিমুখও পরিবর্তিত হবে। একমাত্র পাইলট সমগ্র ব্যবস্থার একটি সদর্থক বার্তা প্রদান করে। এক্ষেত্রে স্বয়ংক্রিয় পাইলট এর প্রক্রিয়াকরণ ও সংযুক্তি ও সেইভাবে করা প্রয়োজন। সেটি একটি অতিস্থায়ী ব্যবস্থা (Ultra Stable System) এর জন্ম দিতে সক্ষম হয়। সাবেকি দৃষ্টিভঙ্গির প্রফেসর কাপলান বলতে চেয়েছেন যে যেকোনো বিষয়ে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি অনুসরণের জন্য পদার্থবিদ্যার সূত্র অনুকরণ জরুরি নয় বরং জরুরি বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি। কাপলান বলছেন বৈজ্ঞানিক হতে গেলে জরুরি হল একটি গোছানো বৈজ্ঞানিক ভাষা (Articulate Secondary Language) যা বিশ্লেষণে সময় হবে এবং যাতে গ্রহণযোগ্য মাত্রায় সংক্ষেপীয়করণ ও বাস্তব প্রয়োনিকতা গগগ (C Rlplicarvlity) থাকবে। যতক্ষণ পর্যন্ত না গবেষণার বিষায়নুগভাবে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির অনুসূচনা হচ্ছে ততক্ষণ কিন্তু প্রতিষ্ঠান কে (Established Institution) ভ্রান্ত প্রমাণ করা যাবে না এবং এটা না হলে বৈজ্ঞানিক মানশিক্ষায় অগ্রগতি হবে না।

পূর্বানুমান ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে পদ্ধতিগত পার্থক্য : যে কোনও বৈজ্ঞানিক সিদ্ধান্তে উপনীত হতে গেলে কতিপয় স্বতঃসিদ্ধ রূপে প্রমাণিত বাত্যকে পূর্বানুমান হিসাবে স্বীকার করা হয় এবং খুব যুগান্তকারী কোনও আবিস্কার না হলে সেগুলি প্রতিষ্ঠিত প্রধানমান হিসাবে অপরিবর্তিত থেকে যায়। কিন্তু সমাজবিজ্ঞানে যেহেতু গবেষককে এই ধরনের পরীক্ষালব্ধ স্বতঃসিদ্ধর দ্বারা চালিত হতে হয় না তাই গবেষকের সিদ্ধান্ত অনেক বেশি তাদের নিজের বিচারবুদ্ধি ও গবেষণার উদ্দেশ্যের দ্বারা প্রভাবিত হতে পারে। তাই সাবেকি তত্ত্বিকদের মতে এক্ষেত্রে একমাত্র বিষয় হল বিষয়ানুগ গুনসন্ধান। অর্থাৎ সাবেকি চর্চার ক্ষেত্রে গ্রহণযোগ্য হল সমাজবিজ্ঞান হল বিষয়ানুগ অনুম (Subjective ossuption) আর প্রাকৃতিক বিজ্ঞান গগ বিষয়

(Postatales) কিন্তু কপলান দেখিয়েছেন যে সমাজবিজ্ঞানীরা যাকে অনুমান বলেছেন তা আসলে আগে প্রজ্ঞা (Institution) যা আগে দূরদর্শীতা থেকে এরই কিন্তু কাপলন দেখিয়েছেন এটি বিজ্ঞানের ক্ষেত্রে ও সমানভাবে প্রয়োগযোগ্য। কাপলন দেখিয়েছেন বিজ্ঞানের অর্কিমিদিসের সূত্র থেকে নিউটনের মাধ্যাকর্ষণ সূত্র থেকে আধুনিক লুই রিচার্ডগনের অস্ত্র প্রতিযোগীতা বা প্রতিঘাত প্রতিটি ক্ষেত্রই প্রজ্ঞা এবং অনুমান সমানভাবে প্রযুক্ত হয়েছে। কাপলানের মতে বৈজ্ঞানিক পদ্ধতি প্রয়োগ সমাজ বিজ্ঞান বিশেষত আন্তর্জাতিক সম্পর্ককে নির্ভর করে যে বিষয়বস্তু নির্বাচন করা হয়েছে তার প্রকৃতি এবং গোষ্ঠী উন্নয়নের কোন পর্যায়ে রয়েছে তার উপর। যদিও সমাজ বিজ্ঞান সংখ্যায়ন প্রতীক এবং সংকেতের ব্যবহার কিন্তু এতদসত্বেও তাতে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি তার মূল উদ্দেশ্যযুক্ত হয় না কখনও। কাপলন এর মতে প্রজ্ঞা আদতে এক ধরনের উচ্চস্তরের বৌদ্ধিক চর্চার বিষয় তা সে যেকোনও ধরনের জ্ঞান চর্চার অপরিচ্ছেদ্য অঙ্গ সে প্রকৃতি বিজ্ঞান বা সমাজ বিজ্ঞান যাই হোক না কেন।

আন্তর্জাতিক সম্পর্কের সাবেকি দৃষ্টিভঙ্গির প্রবক্তাদের মতে প্রতিরূপক মডেলকেই বাস্তবের আয়না রূপে মনে করে অনেক ক্ষেত্রে অলঙ্কিত হয়েছেন যে তা আদৌ বাস্তবে সম্ভব কিনা এখানে কাপলন যুক্তি দিয়েছেন যে বিজ্ঞান যখন কোনও বিষয়ে মডেল তৈরি করা যে তখন গগগ হয় গগ বিশ্লেষনাত্মক বর্ণনাকে একটি অবয়ব (struction) এর গগ সাহায্যে আরও বেশি করে দৃশ্যমান করে তোলা। সমাজ বিজ্ঞান যখন কোনও এইরকম হবে মডেল তৈরি করা হবে তখন বুঝতে হবে যে যিনি এই মডেল তৈরি করাছেন তিনি বাস্তবের সমস্যা সম্পর্কে বিশেষভাবে অবহিত এক্ষেত্রে কাপলান তার System Process in International Relations (1957) এই বই থেকে উৎকৃষ্ট উদাহরণ তুলে ধরেছেন। তিনি দেখিয়েছেন যে রাষ্ট্র সংখ্যা প্রকৃতি ও ব্যবহার যদি যুগোন্তরযোগী ভাবে এবং কালনুক্রমে পরিবর্তিত হয় এবং তার সাথে গগ যদি রাষ্ট্রের সমরসজ্জা, অর্থিক শক্তি এর পরিবর্তন হয় তাহলে এটি গগ যে মধ্যে পারস্পরিক সম্পর্ক আছে। কাপলনের মতে ঐতিহাসিক গবেষনাতেও প্রকলপ নির্মাণে মাধ্যমে কাঙ্খিত লক্ষ্যে অগ্রসর হলে তবেই কাঙ্খিত গগ প্রতিষ্ঠা করা সম্ভব। System and Analysis এর উদাহরণ দিয়ে তিনি আরও বুঝিয়েছেন যে কিভাবে একটি সুনির্দিষ্ট তাত্ত্বিক কাঠামো গঠন করে আপাত বিচ্ছিন্ন ঘটনাকে একত্রে সূত্রবদ্ধ করে একটি বিশ্লেষত্মক ব্যাখ্যা উপস্থাপন করা সম্ভব। তিনি আরও বলেছেন যে হেডলি বুল যোগাযোগ তত্ত্বের গগ কার্ল ডয়েশ্চ (Karl Dautsch), টমাস শেলিং (Thomas Schelling) এবং ব্রাশ রাস্টে (Brucc Russet) ইত্যাদি সমালোচনা করেছেন এমন ভাবে যেন তারা প্রত্যেকে একটি সাধারণীকৃত তত্ত্বের ব্যাখ্যা দিয়েছেন। কিন্তু আদতে বুলের পূর্বানুমান-এ কিছু ভুলছিল। কাপলান যে এর মতে একটি আলোচনা প্রেক্ষিতে ব্যবস্থা হিসাবে কৃহ্য হওয় উচিত যাকে অর্থনীতিকরা (Macro System) বলে থাকেন। তিনি বলেছেন যেমনটি কার্ল ডয়েশ্চ করেছেন তার ব্যবস্থাপক তত্ত্বে ডয়েশ্চ তার তত্ত্বে একটি আরোহী অনুমান নির্ভর আলোচনা থেকে একটি উপাদান নির্ভর ব্যবস্থার বিশ্লেষণ করেছেন, যেখানে কাপলন সাধারণ ব্যবস্থার বিশ্লেষণ করেছেন সেখানে ডয়েশ্চ একটি নির্দিষ্ট গোষ্ঠীর আলোচনা করতে চেয়েছেন। কিন্তু বুল তার সমালোচনায় এই গগ পার্থক্যকে চিহ্নিত করেননি বলে তার সমালোচনা সাবেকিকরণের (Universalijetion) এর দোষে দুটি। একইভাবে যুক্ত রাস্টে তার আলোচনায় পৃথক কৌশল ব্যবহার করেছেন— Trends in world Politics (1965) এবং মার্টিন জর্জ জিঙ্কোভিক (Martin George Zaninovich) An emperical theory of state perpose : The Sino Soviet Coge (1964) এ। ঠিক অপর কৌশল এর ব্যবহার লক্ষ্য করা যায় টমাস শেলিং Thomas C Schelling, The stretage of conflict (1960)তে।

সাবেকি তত্ত্বকাররা মনে করেন যে আন্তর্জাতিক দুনিয়ায় কিছু ঘটনার আকস্মিকতার বৈজ্ঞানিক পদ্ধতির সাহায্যে ব্যাখ্যা করা সম্ভব নয়। কিন্তু কাপালন এই বক্তব্যের সমালোচনা করেছে এই বলে যে, সমাজে এবং রাজনৈতিক ব্যবস্থার যেহেতু একাধিক চল (Vaible) এবং বহুমুখী ধ্রুবক (Parameter) থাকে তার কোনও একক একটিকের মাত্রাগত গগ পরিবর্তন কিন্তু

চমকের (Supise) সৃষ্টি হতে পারে কিন্তু তাকে গগভাবে আনুপূর্বিক আলোচনার মাধ্যমে অনুমান করা সম্ভব।

কাপলনের সিদ্ধান্ত : বুলের সমালোচনার উত্তরে কাপলন কতকগুলি জোরালো বক্তব্য পেশ করেছেন বৈজ্ঞানিক পদ্ধতির স্বপক্ষে সেগুলি নিম্নরূপে

প্রথমত : ব্যবস্থার আচরণের মতো মানব প্রকৃতির আচরণও বোঝা সম্ভব বিশ্লেষণের দ্বারা শুধু পর্যবেক্ষণ ও বিশ্লেষণের নিবিড়তার মাত্রা আরও বাড়াতে হবে।

দ্বিতীয়ত : আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রও প্রকল্প, নকশা ও মডেলের ব্যবহার করা যেতে পারে শুধু তা করার আগে বাস্তবের পর্যালোচনা নির্ভর গগ উপনীত হওয়ার আগে গগ ভাবে তার সম্পর্কে জ্ঞান লাভ প্রয়োজন শতে একটি সামগ্রিকতার বোঝা তৈরি হয়।

তৃতীয়ত : সমাজ বিজ্ঞানের মতো আন্তর্জাতিক সম্পর্কের আলোচনার প্রেক্ষিত হল নিশ্চয়াত্মক দার্শনিক অনুমান। কিন্তু শুধু এটি নির্দিষ্ট করা প্রয়োজন যে দার্শনিক অনুমান ও বাস্তব অভিজ্ঞতার জটিল আন্তঃসম্পর্ক বিশ্লেষণের ক্ষেত্র ধারণাগত স্পষ্টতার (conceptal clarity) বিষয়টি যে বাক্য বন্ধে স্বঃপূর্বভাবে প্রতিফলিত হয় যান্ত্রিকতার জটিল আবরণ বাদ দিয়ে।

চতুর্থত : আন্তর্জাতিক সম্পর্কের উপযুক্ত বিষয়ানুগ অনুধাবনের জন্য এর মধ্যে আন্তঃবিষয়ক (Inter dis cupling) আলোচনা অত্যন্ত জরুরি, যেখানে বৈজ্ঞানিক পদ্ধতির ব্যবহার অপরিহার্য।

১.৪ উপসংহার

যদিও আন্তর্জাতিক সম্পর্কের সাবেকি বনাম বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির পার্থক্য নিয়ে আন্তর্জাতিক তত্ত্ব উদ্বেলিত হয়েছিল, তবুও দুটি ধারার কোনটিকেই যে আন্তর্জাতিক সম্পর্ক অগ্রাহ্য করা হয়েছে এমনটি নয়। 1976 সালে স্টিফেন জর্জ (Stephen George) একটি প্রবন্ধ লেখেন— The reconciliation of the 'Classical' and 'Scientific' approaches to International Relations জর্জের মতে, প্রতিটি পদ্ধতি ও তত্ত্ব একটি নির্দিষ্ট উদ্দেশ্যে চালিত হয় এবং নতুন তত্ত্বের ক্ষেত্রে উদ্দেশ্যের পরিবর্তন হয়। তদুপরি তত্ত্ব বাস্তবের মেলবন্ধন করার ক্ষেত্রে অনেক সময় যৌথ দৃষ্টিভঙ্গি প্রয়োগের প্রয়োজনীয়তা দেখা দেয়। বৈজ্ঞানিক ও সাবেকি দৃষ্টিভঙ্গির মেলবন্ধন আবশ্যক হয়ে পড়ে। এটি নির্ভর করে গবেষক কোন প্রশ্নের উত্তর কিভাবে খুঁজতে চাইছেন তার উপর সেক্ষেত্রে কোন পদ্ধতি তাকে সত্যের কাছাকাছি নিয়ে যেতে চাইছে তার উপর।

সাম্প্রতিককালে David Lake (ডেভিড লেক) একটি প্রবন্ধ লেখেন, Theory is dead, long live theory : The end of the great debates and the rise of electism in International Relation (2013) এই প্রবন্ধে লেক বলেছেন যে আন্তর্জাতিক সম্পর্ককে আগে Great Debate এর প্রেক্ষিতে চিহ্নিত করা হত যার ভিত্তিতে দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পর্বে দৃষ্টবাদ ও উত্তর দৃষ্টবাদের দ্বারা প্রগঠিত হয়ে দ্বিতীয় মহাবিতর্ক অনুষ্ঠিত হয়েছিল। কিন্তু তার থেকে কোনও সিদ্ধান্তে উপনীত হওয়া যায় নি। আন্তর্জাতিক সম্পর্কের তত্ত্বকারদেরর আজও বেশি করে নতুন নতুন উদ্ভুত সমস্যা নিয়ে চিন্তিত হওয়া উচিত। কারণ বাস্তব সমস্যার অনুসরণেই তত্ত্ব নির্মিত হয়। দৃষ্টিভঙ্গি সংক্রান্ত বিতর্ক বিষয় হিসাব আন্তর্জাতিক সম্পর্ককে সমৃদ্ধ ও তত্ত্বকারদের মননকে সম্পৃক্ত করেছে তা নিঃসন্দেহে বলা চলে।

১.৫ সম্ভাব্য প্রশ্নাবলী

নিম্নলিখিত বিষয়ে উত্তর লেখ—

ক) দৃষ্টিভঙ্গি বলতে কি বোঝানো হয় আন্তর্জাতিক সম্পর্কে এর তাৎপর্য কি?

খ) প্রথম মহাবিতর্ক কিভাবে দ্বিতীয় মহাবিতর্কের ক্ষেত্র প্রস্তুত করেছিল?

গ) আন্তর্জাতিক রাজনীতিতে সাবেকি বনাম বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির তর্কটি সংক্ষেপে আলোচনা কর।

ঘ) বৈজ্ঞানিক পদ্ধতির বিরুদ্ধে হেডলি বুলের তোলা সমালোচনায় মুখ্য বক্তব্য সংক্ষেপে আলোচনা কর।

ঙ) মর্টন কাপলান কিভাবে বুলের বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি সম্পর্কে সমালোচনার উত্তর দিয়েছিলেন।

চ) তুমি কি মনে কর আন্তর্জাতিক সম্পর্কের বৈজ্ঞানিক বনাম সাবেকি দৃষ্টিভঙ্গির বিতর্ক বর্তমান আন্তর্জাতিক সম্পর্কের আলোচনায় কোনও দীর্ঘস্থায়ী প্রভাব রেখেছে?

১.৬ সাহায্যকারী গ্রন্থপঞ্জী

i. Bull, Hedley. (1966). International Theory: The Case for a Classical Approach. *World Politics, 18* (3), 361-377.

ii. Marsh, David., & Stoker, Gerry. (Ed.). (2002). *Theories and Methods in Political Science* (2nd ed.). Basingstoke: Palgrave Macmillan.

iii. George, Stephen. (1976). The Reconciliation of the " Classical " and "Scientific" Approaches to International Relations ? *Millenium: Journal of International Studies , 5* (1), 28-40.

iv. Kaplan, Morton A. The New Great Debate: Traditionalism vs Science in International Relations. *World Politics , 19* (1), 1-20.

v. Lake, David A. (2013). Theory is dead, long live theory: The end of the Great Debates and the rise of eclecticism in International Relations. *European Journal of International Relations , 19* (3), 567-587.

পাঠক্রম : 2.1

Unit-2

বাস্তববাদ ও তার সমালোচনা
Realism and its Critiques

বিষয়সূচী :

২.১ পাঠ-উদ্দেশ্য

২.২ ভূমিকা

২.৩ ধ্রুপদী বাস্তববাদ

২.৪ সমসাময়িক বাস্তববাদ

২.৫ হান্স জে মরগ্যানথাউ ও সমসাময়িক বাস্তববাদ

২.৬ সমসাময়িক বাস্তববাদের তাত্ত্বিক অবসান

২.৭ বিংশ শতাব্দীর নয়াবাস্তববাদ

২.৮ মূল্যায়ন নিমিত্ত প্রশ্নাবলী

২.৯ সাহায্যকারী গ্রন্থপঞ্জী

২.১ উদ্দেশ্য

এক এককটি পড়লে জানা যাবে—

১। আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে তত্ত্বের প্রয়োজনীয়তা।

২। আন্তর্জাতিক সম্পর্কের তত্ত্ব হিসাবে বাস্তববাদের বিকাশ ও বিবর্তন এবং মরগ্যানথাউ-এর কারের অবদান।

৩। আন্তর্জাতিক সম্পর্কে বাস্তববাদের সমালোচনা ও নয়াবাস্তববাদের উদ্ভবের প্রেক্ষিত।

৪। নয়া বাস্তববাদী তত্ত্বের কাঠামো সম্পর্কিত কেনেথ ওয়ালজএর ব্যাখ্যা এবং এর সমালোচনা।

২.২ ভূমিকা

আন্তর্জাতিক সম্পর্কের উত্থানের পর থেকে রাষ্ট্র বিজ্ঞানের থেকে এর স্বতন্ত্র প্রতিষ্ঠার জন্য যে বিষয়গুলির আবশিক্যতা ছিল তার মধ্যে অন্যতম হল তত্ত্বচর্চা, অর্থাৎ আন্তর্জাতিক সম্পর্কের আগত প্রতীয়মান ঘটনার মধ্যে যে সর্বজন গ্রাহ্য ধারাবাহিকতার ছন্দ আছে তাকে সুপ্রতিষ্ঠিত করা। তাত্ত্বিক কাঠামোতে যেমন একদিকে শাস্ত্র চর্চা এক কৌলিন্যযুক্ত বৈধ্যতা লাভ করে তেমনি এর দ্বারা নতুন আন্তর্জাতিক রাজনীতিব ক্রিয়া প্রতিক্রিয়া, আন্তঃরাষ্ট্র সম্পর্ককে যুক্তিগ্রাহ্য ব্যাখ্যা দেওয়া সম্ভবপর হয়। তাত্ত্বিকভাবে আদর্শবাদের পূর্বানুমান ছিল যে মানুষ সাধারণভাবে শান্তিপ্রিয় ও গণতন্ত্রকামী কিন্তু ক্রমে

সাম্রাজ্যবাদী শক্তির নিয়ন্ত্রণবাদী আস্ফালন প্রমাণ করল যে আদর্শবাদের পূর্বানুমান এক কল্প কথা ছাড়া অন্য কিছু নয়। সাধারণভাবে আদর্শবাদ ও বাস্তববাদের মধ্যে এই মেরুকৃত পার্থক্যের কথা খুব সুন্দরভাবে ব্যাখ্যা করেছেন John Ners তার 1950 এ প্রকাশিত Idealist Internationalism and Security Dilemma, নামক প্রবন্ধে। সেখানে তিনি বলেছেন— Realist thought is determined by an insight into the overpowering inpact of the security factor and the ensuing power, political, oligarchic, authoritarian and simlar trends and tendencies in Society and Politics, whatever its ultimate conclusion and advocacy is Idealist thought, on the other hand, tends be concentrated conditions and solutions which are supposed to overcome the egogstic attitudes of individual and groups in power..."

উৎসগত ভাবে রাজনৈতিক বাস্তববাদের সূত্রের নির্দেকের কৃতিত্ব মাইকেল ডয়েল (Michael Doyel), টারি নরডিন (Terry Nardin এবং ডেভিড মেপাল (David Mapel) এর চিন্তায়। তাঁদের মত অনুযায়ী বাস্তববাদের সন্ধান সর্ব প্রথম পাওয়া যায় থুকিডাইডিজে (Thucydides) এর The Peloponnesian war এই বইটিতে। তার আগে মনে রাখতে হবে যে রাজনীতিক বাস্তববাদ কিন্তু একই স্রোতে বহমান ছিল না। বরং তার তিনটি পর্যায় লক্ষ্য করা যায় যার মধ্যে প্রথম দুটি বাস্তববাদের তত্ত্ব উপস্থাপন করেছে এবং তৃতীয় পর্যায়ে বিভিন্ন সমালোচনা ওঠার ফলে বাস্তববাদ সমালোচনামূলকভাবে আন্তর্জাতিক সম্পর্ককে পূর্ণ বিশ্লেষণের মাধ্যমে নতুন ব্যাখ্যা প্রদানের চেষ্টা করেছে। এই পর্যায় গুলি হল—

		প্রাচীন বাস্তববাদ (থুকিডাইজিস) আলোচনা
1)	ধ্রুপদী বাস্তববাদ	
		সাবেকি বাস্তববাদ ও গগ কিরণমূলক
2)	সমসাময়িক বাস্তববাদ	বিশ্লেষণমূলক (মরগ্যানথাউ)
3)	নয়া বাস্তববাদ	সমালোচনামূলক (শেলিংও ওয়ালজ)

২.৩ ধ্রুপদী বাস্তববাদ

থুকিডাইডিজ হল প্রাচীন বাস্তববাদের প্রবক্তা। তিনি সর্বপ্রথম এথেন্স ও স্পার্টার মধ্যে ৪৩১ খ্রি:পূ: ৪০০ খ্রি: পূর্ব সংঘটিত Peloponnesian যুদ্ধের ঘটনা প্রত্যক্ষ করেছিলেন। থুকিডাইডিজ ছিলেন Peloponnesian যুদ্ধের প্রত্যক্ষকারী এক এথেনিয় সেনাধ্যক্ষ এবং তার গ্রন্থটি মূলত যুদ্ধের দৈনন্দিন বর্ণনা। তিনি সর্বপ্রথম চিহ্নিত করেছিলেন যে নিরাপত্তাহীনতার কারণেই আসলে যুদ্ধের সূত্রপাত হয়। কারণ যুদ্ধের কারণ ছিল মূলত এথেন্স এর ক্ষমতা বৃদ্ধির ফলে নিরাপত্তাহীনতা যা প্রাচীন গ্রিসের নগরগুলির মধ্যে এক সর্বগ্রাসী যুদ্ধের সূচনা করেছিল। এ গ্রন্থের অন্যতম উল্লেখযোগ্য অংশ হচ্ছে The Melian Dialogue।

এরই সূত্র ধরে রাজনৈতিক বাস্তববাদের ধ্রুপদী পর্বের অপর এক তত্ত্বকার বলা যেতে পারে ম্যাকিয়াভেলী তিনি তাঁর লেখা গ্রন্থ The Prince এবং Discourses এ তিনি দ্বৈতনৈতিকতার তত্ত্বের কথা বলেছেন অর্থাৎ একজন সম্রাটের নৈতিকতার কখনই সাধারণ মানুষের ন্যায়নীতির মানদন্ডে বিচার করা উচিত হবে না। কারণ রাষ্ট্র পরিচালনা ও রাষ্ট্র সুরক্ষার স্বার্থে তার এমন সিদ্ধান্ত নিতে হতে পারে যা আগত দৃষ্টিতে অনৈতিক কিন্তু বৃহত্তর রাষ্ট্রের স্বার্থে নৈতিক বলে বিবেচিত হতে পারে। এক্ষেত্রে তাকে প্রয়োজনে ধর্ম ও মানবতার বিরাজ উর্ধ্বে কাজ করতে হতে পারে, অর্থাৎ রাষ্ট্র বা সাম্রাজ্যের স্বার্থ বজায় ব্যক্তি স্বার্থ ও ব্যক্তি নৈতিকতা বর্জন ম্যাকিয়াভেলীর কাছে শ্রেয়। তিনি তার ১৫১৩ খ্রি: লেখা The Disnospace

courses on the first ten books of titus livy তে বলেছেন রাজ্যের সুরক্ষা যখন প্রশ্নোসম্মুখীন তখন রাষ্ট্র নায়কের মর্যাদা, মানবিক ন্যায় বিচার এই শব্দগুলি দূরে সরিয়ে রেখে রাজ্য রক্ষার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়।

তবে বাস্তবাদের সন্ধান দিয়েছিলেন থমাস হবস্ (১৫৫৮-১৬৭৯)। তাঁর লেখা বই Leviathon (১৬৫১) এ হবস্ এই বক্তব্য অনুসরণ করে বলেছেন যে প্রকৃতির রাজ্যের সবাই চিরস্থায়ী নৈরাজ্যে বসবাস করে। রাষ্ট্র কখনই আন্তর্জাতিক ক্ষেত্রে স্বীয় স্বার্থ বিসর্জন দিয়ে অপর রাষ্ট্রের স্বার্থ দেখবে না। চালর্স ব্যজের ভাষায় বলা যেতে পারে ''জাতীয় স্বার্থের প্রয়োজনীয়তা এর প্রতি কর্তব্য করার পেছনে মূল নির্দেশিকাই হচ্ছে এক যুক্তিবাদী উপলব্ধি যে অপর রাষ্ট্র ও একই কাজ করবে প্রয়োজনে বল প্রয়োগ করবে। সেখানে সে অন্য রাষ্ট্রে বা আন্তর্জাতিক গোষ্ঠীর স্বার্থ একেবারেই কর্তব্যের মধ্যে আনবে না। অর্থাৎ আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে জাতীয় স্বার্থ বজায় রাখা যে কোনও রাষ্ট্রের প্রধান কাজ। যদিও কেনেথ ওয়ালজ-এর মত তাত্ত্বিকরা অবশ্য রুশোকে বাস্তববাদী বলে উল্লেখ করেছেন। ওয়ালজ এ রুশোকে বাস্তববাদী বলে অভিহিত করেছেন। ওয়ালজ বলছেন যে রুশো The state of war প্রবন্ধে আন্তর্জাতিক ব্যবস্থাকে বর্ণনা করতে গিয়ে রাষ্ট্রের যে ভূমিকার কথা বলেছেন, তা বহুলাংশে সাম্প্রতিক কালের বাস্তববাদীদের বক্তব্যের সঙ্গে মিলে যায়। রুশোর মতে, রাষ্ট্র সবসময় নিজের চেয়ে শক্তিশালী কোন প্রতিবেশী হলেই নিজেকে নিরাপত্তাহীন অনুভব করে। রাষ্ট্রের নিরাপত্তা ও সংরক্ষণই প্রতিবেশীর চাইতে শক্তিশালী হওয়ার প্রচেষ্টার জন্য দায়ী। রাষ্ট্রের ক্ষমতা বৃদ্ধির জন্য ক্ষমতা প্রদর্শনের প্রবণতা সবই হয় অন্য রাষ্ট্রের ক্ষতির বিনিময়ে। কোনও রাষ্ট্রের যদি নিজস্ব সীমানার বাইরে কোনও প্রয়োজন নাও থাকে, তাহলেও সে অবস্থানের নমনীয় ভাব রাখার জন্য অন্তহীনভাবে নতুন রাষ্ট্রের অনুসন্ধান করতেই থাকে। ক্ষমতা বৃদ্ধির প্রয়োজনীয়তা, নিরাপত্তাহীনতা ও তার দূরীকরণ প্রয়োজনে শক্তিসাম্যের প্রতিষ্ঠা সবই কিন্তু সমসাময়িক রাজনৈতিক বাস্তববাদের উপকরণ হিসাবে স্বীকৃত কিন্তু রুশোর আন্তর্জাতিক ব্যবস্থা সম্পর্কে হতাশা এক্ষেত্রে যে সূত্র ধরে তা বাস্তববাদীদের থেকে পৃথক।

পরবর্তী বাস্তববাদীরাও যাকে সমর্থন করেছেন, এই শর্তগুলি হল—

1) রাষ্ট্রই রাজনৈতিক ক্ষেত্রে মুখ্য কারক।

2) রাষ্ট্র এক সমগ্রতাপূর্ণ একক যেটি একই সরকারে কর্মরত বিভিন্ন ব্যক্তি এবং সমগ্রর অংশ মাত্র।

3) রাষ্ট্র সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে ব্যক্তিগত মতামত, রাষ্ট্রীয় যুক্তি ও স্বার্থের দ্বারা পরিচালিত হয়। দেশীয় সম্পদ ও কৌশল কাজে লাগিয়ে রাষ্ট্র সর্বোত্তম স্বার্থ সুরক্ষা করে।

মনে রাখতে হবে বাস্তববাদ ও উদারনীতিবাদের পূর্বানুমান এক শুধু ব্যাখ্যা। বিশ্লেষন আলাদা।

	পূর্বানুমান	
	রাষ্ট্র = অন্যতম একক	
বাস্তববাদ	রাষ্ট্র = সার্বভৌম	উদারবাদ
	আন্তর্জাতিক সমাজ = নৈরাজ্যমূলক	

Creone (Thucylites) থুকিডাইটিসের প্রদত্ত ধ্রুপদী বাস্তববাদের চারটি বিশেষ দিক নির্দেশ করেছেন। সেগুলি হল—

1) Procedural Realism : বাস্তবাদের পদ্ধতিগত দিক থুকিডাইডিস কিন্তু শুধু পর্যবেক্ষণ করেননি বরং তার যুক্তি নির্ভর বিশ্লেষণ করেছেন।

2) Scientific Realism : বাস্তববাদের বৈজ্ঞানিক দিক থুকিডাইডিস বিজ্ঞান সম্মতভাবে Peloponnesian যুদ্ধের উদ্ভব ও বিকাশের বিশ্লেষণ করেছিলেন।

3) Ideological Realism : মতাদর্শগত বাস্তববাদের প্রেক্ষিতে তিনি সত্যকেই মতাদর্শ বলে মনে করেছিলেন তাই তিনি প্রকৃত অর্থেই বাস্তব সত্য নির্ভর বিশ্লেষণ উপস্থাপন করেছিলেন।

4) Paradigmatic Realism : বিশ্লেষণগত পার্থক্যের বাস্তববাদ তিনি ইতিবাচকভাবে ব্যাখ্যা করায় ঐতিহাসিক পদ্ধতির অনুসারী তার ব্যাখ্যাকে Paradign shift বলা যেতেই পারে।

থুকিডাইডিসের ভাবশিষ্য ছিলেন কার ও মরগ্যানথাউ।

২.৪ সমসাময়িক বাস্তববাদ

কার 1916-1936 এই সময়ে ব্রিটিশ বিদেশ মন্ত্রকের অফিসে কর্মরত ছিলেন 1936 এ তিনি পদত্যাগ করে তিনি Aberystaugth University তে আন্তর্জাতিক সম্পর্কের অধ্যাপক হিসাবে যোগ দেন। 1939 এ তিনি Twenty year's crisis লেখার পর তাঁর এই লেখাকে গুরুত্বপূর্ণ এক পদক্ষেপ বলে বর্ণনা করেছেন মার্টিন হলিগ এবং স্টিভ স্মিথ। কার-এর মতে আন্তর্জাতিক ক্ষেত্রে নৈরাজ্য আসলে শেষ অবধি আন্তর্জাতিক রাজনীতিতে যুদ্ধ ও অশান্তির সৃষ্টি করেছে। লিগ অব নেশন প্রতিষ্ঠার পর প্রত্যাশা করা করেছিল যে হয়ত লীগ শান্তি স্থাপনের সহায়ক হবে কিন্তু বাস্তবে দেখা গেছিল যে আন্তর্জাতিক ক্ষেত্র অশান্তি ঠেকাতে যে কূটনৈতিক রাজনৈতিক ও সামরিক সামর্থ্যের প্রয়োজন ছিল সেটা কর্তৃত্ব সহমতের ভিত্তিতে গঠিত লীগের ছিল না। উদারনীতিবাদ যে সকল দাবি করেছিল যার মধ্যে অন্যতম ছিল যে হয়তো মুক্ত বাণিজ্য একটি সহযোগীতামূলক আন্তর্জাতিক সম্পর্ক স্থাপন করতে সফল হবে। কিন্তু 1930 এর বিশ্বব্যাপী ভয়াবহ মন্দার এই প্রত্যাশাকে ব্যর্থ প্রতিপন্ন করে। একই সাথে ক্ষমতালিপ্ত শক্তি লীগ অব নেশন-এর মতো প্রতিষ্ঠাকে অগ্রাহ্য করে এবং সহমতের ভিত্তিতে তৈরি হওয়া আন্তর্জাতিক আইনকে অগ্রাহ্য করে। যদিও আদর্শবাদে রাষ্ট্রের পক্ষে নৈতিক আচরণ প্রত্যাশা করা হয় কিন্তু বাস্তবে রাষ্ট্র নিজ স্বার্থে জাতীয় শক্তি বৃদ্ধির মাধ্যমে আগ্রাসী হতে চায়। দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর কালপর্বে যখন রাষ্ট্র যুদ্ধোন্মত্ত হয়ে উঠল তখন আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে বোঝা গেল যে পরিবর্তিত পরিস্থিতিতে আন্তর্জাতিক সম্পর্কের ব্যাখ্যা করতে গেলে কেবলমাত্র বাস্তব উপাদান ও কারণের নিরিখেই যথোপযুক্ত হবে। কারের মতে সর্বকালে সর্বত্র রাষ্ট্রগুলির মধ্যে যে পারস্পরিক সম্পর্ক গড়ে ওঠে তার নিয়ন্ত্রক শক্তি হল ক্ষমতা অর্জন ও ক্ষমতা সম্প্রসারনের ইচ্ছা, এই হচ্ছে প্রকৃত বাস্তব। দুর্বল রাষ্ট্রশক্তির বিরুদ্ধে সবল রাষ্ট্র শক্তির আস্ফালন আন্তর্জাতিক রাজনীতির খুবই এক স্বাভাবিক প্রক্রিয়া বলে মনে করা হয়। অর্থাৎ রাষ্ট্রীয় শক্তি অসম ও অনিয়ন্ত্রিত পরিমন্ডলে নিরাপত্তা সুরক্ষার ও পররাষ্ট্রনীতির সংরক্ষণের মাধ্যমে জাতীয় শক্তি ও ক্ষমতার সম্প্রসারণ করতে হবে। তাহলে আন্তর্জাতিক ব্যবস্থায় শক্তি কি করে বজায় থাকে? এর উত্তরে কার বলেছেন যে আভ্যন্তরীণ রাজনীতিতে যেমন ক্ষমতাবান গোষ্ঠী নিজস্ব নিরাপত্তা ও প্রভুত্বের ক্ষেত্রে শান্তি বজায় রাখার চেষ্টা করে তেমনই আন্তর্জাতিক রাজনীতিতে শক্তিবান রাষ্ট্রগুলি নিজস্ব ক্ষমতা বজায় রাখার জন্য শান্তির কথা বলে থাকে। যেহেতু যৌথ নিরপত্তা ব্যবস্থার শেষ পর্যন্ত প্রভুত্বকারী রাষ্ট্রগুলি প্রভুত্ব অটুট থাকে তাই যেহেতু শক্তি সাম্যর নীতি যুদ্ধ ও শান্তির সময় বেশি কার্যকরী বলে কার মনে করেন। কারের মতে যৌথনিরাপত্তার উপর অধিক গুরুত্ব আরোপই আদতে পতনের কারণ।

কার সাম্প্রতিক বাস্তববাদের প্রারম্ভিক পর্বের প্রবক্তা হলেও বাস্তববাদের মূল প্রবক্তা হিসাবে Hans J. Morgenthan এর নাম করা যেতে পারে। মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রবিজ্ঞানের অন্যতম শ্রেষ্ঠ অধ্যাপক মরগ্যানথাউ 1948এ Politics among nations. বই-এর মধ্য দিয়ে বাস্তববাদী তত্ত্বের নতুন আখ্যান উপস্থাপন করেন।

২.৫ হান্স জে মরগ্যানথাউ ও সমসাময়িক বাস্তববাদ

মরগ্যানথাউ-এর মতে আন্তর্জাতিক সম্পর্কের বিজ্ঞান তৈরি হবে বাস্তবজীবনের ঘটনাবলীর পরম্পরার মাধ্যমে ও সদর্থক নিয়ম বিজ্ঞান (Positive Methodology) এর যথোপযুক্ত প্রায়োগিক প্রকৌশলের দ্বারা। বাস্তব অভিমুখী স্বতন্ত্র ও অভিজ্ঞতালব্ধ

সত্যের সাথে সঙ্গতিপূর্ণ ও অন্তর্দৃষ্টিযুক্ত তত্ত্বকেই আদতে প্রকৃত তত্ত্ব বলে চিহ্নিত করেছিলেন তিনি। তাঁর মতে আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে সুবিধা হল এই যে, এখানে ব্যাখ্যার উপযুক্ত এক বাস্তব আছে এবং বিদেশনীতির ক্ষেত্রে ও এক যুক্তিপূর্ণ সারবত্তা আছে যা তত্ত্বের মাধ্যমে ব্যাখ্যা করা যায়। আন্তর্জাতিক রাজনীতির অপূর্ণতা আদলে মানবীয় চরিত্রর অপূর্ণতাই প্রতিফলিত করে। তাঁর মতে নৈরাজ্যমূলক আন্তর্জাতিক রাজনীতিতে জাতীয় স্বার্থের সহমতেই প্রকৃত চালিকা শক্তি স্থাপন হয়। এখানে নৈতিকতার কোনও জায়গা নেই। বাস্তববাদ সম্পর্কে বক্তব্য উপস্থাপনের আগে জাতীয় শক্তি সম্পর্কে তিনি কিছু গুরুত্বপূর্ণ বক্তব্য উপস্থাপন করেন, এবং তার মতে জাতীয় শক্তি বেশ কিছু আন্ত:নির্ভরশীল উপাদানের সমন্বয়ে গঠিত হয়েছে। যেগুলি অলিভার ডেডো খুব সুন্দর ভাবে উপস্থাপন করেছেন। এগুলি হল—

প্রথমত : তাঁর মতে জাতীয় শক্তি নির্ভর করে রাষ্ট্রীয় শক্তির উপর। যেখানে রাষ্ট্রের কৌশলগত অবস্থান ও আয়তন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

দ্বিতীয়ত : রাষ্ট্রীয় সামর্থ্য শুধুমাত্র সামরিক শক্তির উপর নির্ভরশীল নয় বরং এক্ষেত্রে রাষ্ট্রের প্রাকৃতিক সম্পদ, খাদ্য সম্ভার ও কাঁচামালের উপরও নির্ভর করে কারণ এগুলি থাকলেই রাষ্ট্র স্বনির্ভরতা অর্জন করে যা রাষ্ট্রের অন্যের প্রতি নির্ভরশীলতা হ্রাস করে।

তৃতীয়ত : শুধুমাত্র কাঁচামাল থাকলেই হবে না, বরং প্রয়োজনে তাকে বিক্রয় জাত করার জন্য প্রয়োজন উপযুক্ত শিল্প পরিকাঠামো প্রয়োজন।

চতুর্থত : রাষ্ট্রের বিদেশনীতিকে সঠিক ভাবে বাস্তবায়িত করতে হলে উপযুক্ত মাত্রায় সামরিক শক্তি ও তার ক্ষিপ্রতা প্রয়োজন।

পঞ্চমত : জাতীয় শক্তি রাষ্ট্রের মানবীয় সম্পদের যোগ্য সংগত রাষ্ট্রকে প্রকৃত শক্তি হয়ে উঠতে সাহায্য করে।

ষষ্ঠত : মানব সম্পদ থাকলে শুধু হবে না তাদের স্বজোগ্য বোধে উদ্বুদ্ধ হতে হবে।

সপ্তমত : জাতীয় নৈতিকতা স্থির হবে বৈদেশিকনীতি ও আন্ত:রাষ্ট্রীয় সম্পর্ক যুদ্ধ বা শান্তির দ্বারা পরিগণিত হবে

অষ্টমত : শুধু রাষ্ট্রের কূটনৈতিক সম্পর্ক স্থাপন করলেই হবে না বরং তার গুণগত মান সমানভাবে গুরুত্বপূর্ণ।

নবমত : জাতীয় শক্তি নির্দ্ধারণে কোনও প্রকার সরকার ক্ষমতাশীল ও তা কিভাবে সম্পদের ব্যবহারের মাধ্যমে সরকারি নীতিগুলো স্থিরিকৃত করে তা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

মরগ্যানথাই এর মতে জাতীয় শক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ কিন্তু এই জাতীয় শক্তি তখনই অর্থপূর্ণ হবে যখন তাতে এই ছয়টি বাস্তববাদী নীতি প্রযুক্ত হবে তার পূর্বে নয়। এই নীতিগুলি হল নিম্নরূপ —

ক) **রাজনীতির উৎস হল মানবীয় প্রকৃতি :** জ্যাক ডনেলি বলেছেন Human nature is the starting point for realism অর্থাৎ মানবীয় প্রকৃতি ও চরিত্রের মধ্যে নিহিত আছে বহু নির্ভর বিধি (Objective low) এই বিধি অনুযায়ী মানুষের চারিত্রিক বৈশিষ্ট্য অপরিবর্তনীয় যার মধ্যে আছে স্বার্থপরতা, আধিপত্য বিস্তারের আকাঙ্খা ইত্যাদি মানুষ রাষ্ট্রে গঠনীয় উপাদন এবং রাষ্ট্র চরিত্র বস্তু নির্ভর -নিয়মগুলি প্রতিফলিত করে। মানুষের চরিত্র বিশ্লেষণের সর্বদাই রাষ্ট্রের রাজনৈতিক আচার আচরণ বিশ্লেষণ করা যেতে পারে।

খ) **বৈদেশিকনীতি নির্দ্ধারিত হবে নির্দ্ধারিত শক্তির ভিত্তিতে :** রাষ্ট্রের জাতীয় স্বার্থ হল ক্ষমতার অনুশীলন ও অন্বেষণ জাতীয় স্বার্থর ধারণার মাধ্যমে আন্তর্জাতিক ঘটনাগুলির সাথে যুক্তির যোগসূত্র গড়ে উঠেছে। আন্তর্জাতিক রাজনীতির ক্ষেত্রে নীতি ও সাফল্যের বিচার করতে হলে দেখতে হবে নীতিটি স্বাভাবিকভাবে তার উদ্দেশ্য পূরনে কতখানি কার্যকর

হয়েছে। এক্ষেত্রে গ্রাহ্য নৈতিকতা, বুদ্ধি ও বোধের গুরুত্ব অনেক বেশি। শুধুমাত্র মহত্ব ও নৈতিকতার ভিত্তিতে কোনও নীতির সাফল্য বিচার করা যায় না।

গ) রাষ্ট্র ব্যক্তির মতই আত্মকেন্দ্রিক, রাষ্ট্র ও ব্যক্তির মধ্যেকার স্বার্থ রাজনীতির আভ্যন্তরীণ ও আন্তদেশীয় ক্ষেত্রে সমাপতিত করে। মরগ্যানথাউ মনে করেছেন ক্ষমতা শুধুমাত্র সীমাবদ্ধ নয় বরং সামাজিক সম্পর্কের সর্বক্ষেত্রকে প্রভাবিত করে। অর্থাৎ ক্ষমতার দ্বারাই মনস্তাত্বিকভাবে মানুষকে নিয়ন্ত্রণ করা সম্ভবপর হয়। তেমনি কেউ ক্ষমতার অলিন্দে কাজ করলে তাকে উপযুক্ত পুরষ্কারও দেওয়া হয়। বর্তমানে পরিবর্তিত আন্তর্জাতিক সমাজ ও রাজনীতিতে দুটি বিষয় অপরিবর্তিত রয়ে গেছে স্বার্থ ও ক্ষমতা।

তৃতীয়ত : রাষ্ট্র ক্ষমতা পরিবর্তনশীল। কিন্তু অপরিবর্তিত রাষ্ট্র ক্ষমতার গতিপ্রকৃতি স্থান ও কালের উপর নির্ভর করে তার পরিবর্তন সম্ভব। কিন্তু রাষ্ট্রীয় স্বার্থ অপরিবর্তিত যে রাজনৈতিক সাংস্কৃতিক এবং কৌশলগত পরিমন্ডলের মধ্যে পররাষ্ট্র প্রাণিত হয়, তার স্বার্থের চরিত্র অধিকাংশ ক্ষেত্রে করে।

চতুর্থত : মরগ্যানথাউ বলছেন রাজনৈতিক বাস্তবতার একটি গুরুত্বপূর্ণ উপাদানের সূত্র হল রাষ্ট্রগুলির রাজনৈতিক ক্রিয়াকলাপ এবং আচার ও আচরণের সাথে নৈতিক ফলাফলের প্রশ্নটি সম্পৃক্ত হয়ে থাকে। রাষ্ট্রের ক্রিয়াকলাপের মধ্যে সর্বদা সর্বকালীন নৈতিক নীতিগুলি প্রয়োগ করা সম্ভব হয় না। কিন্তু প্রতিটি জাতি এবং রাষ্ট্র নিজের আচার আচারণ ও আশা আকাঙ্খাকে একটি নৈতিক মাত্রা (ethical vision) এ প্রদানের চেষ্টা করে। এর অর্থ হল কোন কোন সময় এবং কোন কোন ক্ষেত্রে রাষ্ট্রের আচার-আচারণ ও ক্রিয়াকলাপের মধ্যে নৈতিকতা সংক্রান্ত ধ্যানধারণার অনুশীলন ও অনুসরণ লক্ষ্য করা যায়। এভাবে রাষ্ট্র নিজেকে বিজ্ঞান ও দূরদর্শীরূপ বিশ্বের দরবারে উপস্থাপিত করতে পারে।

পঞ্চমত : মরগ্যানথাউ এই কথাই বলতে চেয়েছেন যে, সার্বজনীন ধারণাগুলি কখনই রাষ্ট্রের আচার-আচরণের ব্যাখ্যার ক্ষেত্রে নির্ভর যোগ্য নির্দেশক হতে পারে না। রাষ্ট্রগুলি যখন কোনও সার্বজনীন নীতির কথা ব্যক্ত করে তখন তারা আসলে এদের বিশেষ বিশেষ জাতীয় নীতিকে প্রতিষ্ঠিত করার কথা বলে। বাস্তবে রাষ্ট্রগুলি তাদের আচার আচরণের বৈধতা ও মর্যাদা প্রদানের জন্য নীতির ভাষা ও শব্দ ব্যবহার করে।

ষষ্ঠত : রাজনৈতিক ক্ষেত্রে ও বিষয়ের সাথে অন্যান্য ক্ষেত্র ও বিষয়ের পার্থক্য অত্যন্ত পরিস্কার। অন্যান্য বিষয় বলতে অনেক বিষয়ই হতে পারে যেমন অর্থনীতি, আইন, দর্শন, সংস্কৃতি ইত্যাদি। বুদ্ধিগত দিক থেকে অর্থাৎ বৌদ্ধিক চর্চার বিষয়রূপ রাজনৈতিক ক্ষেত্র যে একটি স্বতন্ত্র ও স্বাধিকার সম্পন্ন ক্ষেত্র যে সম্পর্ক কোনও সংশয় নেই। সুতরাং এখানে রাষ্ট্রের আচার আচরণের বিশ্লেষণ এবং মূল্যায়নের সুনির্দিষ্ট নিরিখ বা মানদন্ড এবং পদ্ধতি গড়ে উঠেছে। এভাবে রাজনৈতিক বাস্তবতার তত্ত্ব আন্তর্জাতিক সম্পর্ককে একটি পাঠ্য বিষয় হিসেবে গড়ে তুলতে সাহায্য করেছে। মরগ্যানথাউ এর বিশ্লেষণ অনুযায়ী আন্তর্জাতিক সম্পর্ক অন্য বিষয়ের তুলনায় স্বতন্ত্র তার মতে ক্ষমতা বিশ্লেষণে নিমজ্জিত বলে আন্তর্জাতিক সম্পর্কের মূল প্রশ্ন হল ক্ষমতা কিভাবে আন্ত রাষ্ট্র সম্পর্ক নির্দ্ধারণ করে এবং কোন পদ্ধতিতে শেষ অব্দি রাষ্ট্রীয় ক্ষমতা সর্বাধিক বৃদ্ধি পায় এবং জাতীয় স্বার্থ কতটুকু চরিতার্থ হয়?

২.৬ সমসাময়িক বাস্তববাদের তাত্ত্বিক অবসান

আন্তর্জাতিক রাজনৈতিক পরিস্থিতির এক বিশেষ মুহর্তের ঐতিহাসিক প্রেক্ষাপটে বাস্তববাদের আর্বিভাব ঘটেছিল। দুই বিশ্বযুদ্ধের অন্তর্বর্তীকালীন সময়ে ক্ষমতার রাজনীতির আস্ফালন আদর্শবাদকে বিসর্জন দিয়ে এক নৈরাজ্য পূর্ণ ব্যবস্থায় নিজেকে জাহির করার চেষ্টা করেছিল। এমনকী দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পর্বে তার সুদৃঢ় প্রসারী প্রভাব ঠান্ডাযুদ্ধের সময় অবধি ছিল।

তাছাড়া এই পর্বে অস্ত্র প্রতিযোগিতা ও সামরিক নিরাপত্তা নির্ভর আন্তর্জাতিক রাজনীতির কাঠামো গঠন বাস্তববাদকে তাত্ত্বিক মহলে জনপ্রিয় করতে বিশেষ সাহায্য করেছিল। বাস্তববাদ সেই প্রেক্ষিতে আন্তর্জাতিক রাজনীতি ও সম্পর্কের বিশ্লেষণের স্তর নির্ণয়ে বিশেষ ভূমিকা নিয়েছিল। রাষ্ট্রগুলির মধ্যে পরিস্থিতি উদ্ভবে জন্য এতদিন রাষ্ট্রীয় সিদ্ধান্ত গ্রহণের দোষারোপ করা হত কিন্তু ব্যক্তিগত সিদ্ধান্ত যে রাষ্ট্রীয় সিদ্ধান্তকে প্রভাবিত করে তা কিন্তু এতদিন আলোচনার মধ্যে অন্তর্ভুক্ত হয়নি। কারণ ব্যক্তির মতো রাষ্ট্র ও সমাজকে হিংসার উপাদান হিসেবে এতদিন কেউ বিশ্লেষণ করেননি, বরং রাষ্ট্রকে নৈতিক প্রতিষ্ঠান বলে দাবি করেছেন। আন্তর্জাতিক সম্পর্কের বিশ্লেষণে বার বার কেন্দ্রীয় বিষয় হল ক্ষমতার ধারণা। বাস্তববাদীদের মতে ক্ষমতা হল একটি বহুমুখী বিষয় যা সাময়িক অর্থনৈতিক, রাজনৈতিক, কূটনৈতিক শক্তির যোগফলকে বোঝায়। ক্ষমতা সম্পর্কিত বিকল্প ধারনা রাষ্ট্রের আন্ত সম্পর্কের গতি প্রকৃতির উপর ভিত্তি করে নির্দ্ধারিত হয়। রাষ্ট্রের প্রভাব সামর্থ্যের উপর নির্ভরশীল ক্ষমতাকে বোঝা সম্ভব রাষ্ট্রের আচরণগত প্রতিক্রিয়া মধ্যে দিয়ে। যদিও রাষ্ট্রের ক্ষমতা নির্দ্ধারণকারী একটি নিদ্ধারকের মধ্যে কোন উপাদানের গুরুত্ব কখন কত বেশি হবে সে বিষয়ে তাত্ত্বিকদের মধ্যে যথেষ্ট মত পার্থক্য রয়েছে। তাছাড়া অন্যান্য উপাদান যেমন ভূ-রাজনৈতিক অবস্থান, প্রযুক্তি ও কূটনৈতিক উপাদানের আপেক্ষিক গুরুত্ব নিয়েও তাত্ত্বিকদের মধ্যে বিবাদ বিদ্যমান। কোন কোন ব্যাখ্যাকারের মতে সাময়িক উপাদান অপেক্ষা রাষ্ট্রীয় ক্ষমতা পরিমাপের অন্যতম উপাদান হল জাতীয় আয়।

বাস্তববাদের অন্যতম পূর্বানুমান হচ্ছে আন্তর্জাতিক ও জাতীয় রাজনীতির মূল পার্থক্য হল বহুমত বিন্যাসের চরিত্র। আন্তর্জাতিক রাজনীতিতে যেহেতু কোন কেন্দ্রীয় প্রশাসক। কর্তৃপক্ষ নেই তাই এর চরিত্র নৈরাজ্যমূলক। তাই রাষ্ট্রগুলি মধ্যে কার আন্ত:সম্পর্ক অবিশ্বাসের উপর নির্ভরশীল। এই কারণেই রাষ্ট্রগুলির মধ্যে দ্বন্দ্বের পরিবেশ সদা বিদ্যমান। এই নৈরাজ্যমূলক প্রকৃতির কারণেই আভ্যন্তরীণ রাজনৈতিক বাধ্যবাধকতা থাকলেও দেশীয় নেতৃবর্গের আন্তর্জাতিক রাজনীতিতে প্রভাবিত করার সুযোগ অত্যন্ত নিয়ন্ত্রিত এবং প্রায় নেই বললেই চলে। আসলে ক্ষমতার ভিন্নতার ফলে এক ধরনের নৈরাজ্যের উদ্ভব হয়। একই কারণে স্তরবিন্যস্ত কর্তৃত্বের অনুপস্থিতি একটি বড়ো কারণ। এই নৈরাজ্যমূলক পরিবেশে অন্যের উপর নির্ভরশীলতা নয় বরং আত্মনির্ভরশীলতার উপরই বেশি গুরুত্ব দেওয়া হয়। আসলে রাষ্ট্রের অন্যের প্রতি নির্ভরশীলতা এক প্রকার গুরুত্ব ও নির্ভরতা তৈরি করে সম্পর্ক তৈরি করে যা রাষ্ট্রে সাবলম্বী ও সামর্থ্যবান হবার পথে প্রধান প্রতিবন্ধকতা তৈরি করে। কারণ অন্যের প্রতি নির্ভরশীলতায় মধ্যে দিয়েই অসাম্যমূলক আন্তর্জাতিক ব্যবস্থার নৈরাজ্যের চিত্রটি আরও সুস্পষ্টভাবে ফুটে ওঠে। কিন্তু প্রকৃত অর্থে কোনও রাষ্ট্রের পক্ষেই রাষ্ট্রীয় আন্তনির্ভরশীলতা এগিয়ে আত্মনির্ভরশীল হওয়া প্রায় অসম্ভব। আন্তর্জাতিক সম্পর্ক সাধারণত ধারাবাহিকতার ধারণাকে গুরুত্ব দেয় যদিও পদ্ধতিগত বিষয় কি হবে তা নিয়ে মতপার্থক্য বিদ্যমান। আসলে আন্তর্জাতিক ক্ষেত্রে ক্ষমতার বৈষম্য আদতে নির্দিষ্ট বিষয়ভিত্তিক পরিবর্তনে বিষয়টিকেও নির্দেশ করে।

সমসাময়িক বাস্তববাদী তত্ত্বের সমালোচনা : সমসাময়িক বাস্তববাদী তত্ত্বের বিরুদ্ধে মূল সমালোচনা গুলি হল নিম্নরূপে যদিও বিংশ শতাব্দীর দ্বিতীয়ার্দ্ধে আন্তর্জাতিক রাজনীতির মূল প্রাধান্যকারী তত্ত্ব রূপে বাস্তববাদ প্রাধান্য পেলেও দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পর্বে নানা প্রকার বহুমুখী সমালোচনার সম্মুখীন হয়।

প্রথমত : ঠান্ডাযুদ্ধের ঠিক কিছু পূর্বে যেন দুই যুযুধান শক্তি নিরস্ত্রীকরণের সাথে অগ্রসর হল। কেন দ্বিমেরু প্রবণ পৃথিবীতে গণতন্ত্রের আদর্শের প্রতি আকর্ষিত হল, কোন পরিপ্রেক্ষিতে অর্থনৈতিকনীতি সাময়িক কূটনীতির চেয়ে বেশি গুরুত্বপূর্ণ হয়ে পড়ল সে বিষয়ে বাস্তববাদীরা কোনও সদুত্তর দিতে ব্যর্থ হলেন। অর্থাৎ রাজনৈতিক বাস্তববাদ তত্ত্বের নিরিখে ভবিষ্যৎ স্রষ্টার ভূমিকা পালন করবে বলে প্রত্যাশা করা হলেও আদতে কিন্তু আন্তর্জাতিক রাজনীতির ব্যবস্থার উপযুক্ত ব্যাখ্যা দিতে বাস্তববাদ সক্ষম হল না। রাজনৈতিক বাস্তববাদ রাষ্ট্রকে আন্তর্জাতিক ও আন্তঃরাষ্ট্রীয় সম্পর্কেও মূল কারণ বলে কল্পনা করলেও আন্তঃরাষ্ট্র সম্পর্ক পরিচালিত হল ক্ষমতার রাজনীতিকে কেন্দ্র করে, দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর কালে যা অত্যন্ত প্রাসঙ্গিক।

তৃতীয়ত : অনেকে বাস্তববাদকে যান্ত্রিকতার দোষে দুষ্ট বলে প্রতিপন্ন করেছেন। কারণ রাজনীতি ও ক্ষমতা কিন্তু সমার্থক নয়। ক্ষমতার প্রকৃত অর্থে মানুষের মৌল প্রবৃত্তি আদতে বলা যা কিনা তা নিয়ে যথেষ্ট সংশয় আছে। ক্ষমতা উদ্দেশ্য নয় উদ্দেশ্য সাধনের উপায় এবং ক্ষমতার গুণগত মান ও পরিমাণ ও ভীষণভাবে উদ্দেশ্য নির্ভর। ক্ষমতা নয় উদ্দেশ্য বা লক্ষ্যই আলোচনার কেন্দ্র বিন্দু হওয়া উচিত। উদ্দেশ্য ও উপাদানের মধ্যে পার্থক্য সমসাময়িক রাজনৈতিক বাস্তববাদ করতে অসমর্থ। তাছাড়া ক্ষমতা আদতে একটি মনস্তাতিক উপাদন যা নিয়ে জাতীয় সমর্থ দেশীয় বাস্তববাদীদের মধ্যে বিস্তর তর্ক বিতর্ক আছে।

চতুর্থত : মরগ্যানথাউ অত্যন্ত বেশি মাত্রায় গুরুত্ব আরোপ করেছিলেন প্রত্যক্ষবাদী (Positivist) তত্ত্ব এবং আলোচনা পদ্ধতি (Methodology) এর উপর। সঙ্গত কারণেই প্রশ্ন উঠতে শুরু করে যে আন্তর্জাতিক সম্পর্কে কোনও সার্বজনীন সূত্র কি নির্ধারণ করা যায়।

পঞ্চমত: মরগ্যানথাউ এর তত্ত্বের প্রধান কারক হিসাবে রাষ্ট্রকে দেখা হয়েছে। কিন্তু একটু বিশ্লেষণ করলে বোঝা যায় যে জাতিরাষ্ট্র ছাড়াও অন্যান্য শক্তি বা কারক আছে যা ক্রমশ আন্তর্জাতিক রাজনীতিবিদদের গভীরভাবে প্রভাবিত করেছে। মরগ্যানথাউ এ বিষয়ে সচেতন ছিলেন, কিন্তু সচেতনতার কোনও প্রতিফলন তাঁর লেখার মধ্যে ধরা পড়েনি।

ষষ্ঠত : মরগ্যানথাউ তাঁর তত্ত্বে আর্থ সামরিক উপাদান গুলি এত বেশি অতিরঞ্জিত করেছেন যে, রাজনৈতিক সাংস্কৃতিক বিষয় অবহেলিত থেকে গেছে। তাছাড়া অভ্যন্তরীণ ও বর্হিদেশীয় নীতির মাধ্যমে খানিকটা যোগ আছে।

সপ্তমত : ক্ষমতা সংক্রান্ত ধারণার অতিমাত্রিক প্রয়োগের ফলে বাস্তববাদী তত্ত্বে অনেক অপ্রশাসনের বিষয় গুরুত্ব পেয়েছে। তাছাড়া অনেকে সরাসরি অভিযোগ করেছেন যে বাস্তববাদী তত্ত্ব পরিবর্তন অপেক্ষা বিদ্যমান পরিস্থিতি সংরক্ষণে অধিক গুরুত্ব আরোপ করেছে। বাস্তববাদে রাষ্ট্রে ক্ষমতা স্বার্থকে যেভাবে উপস্থাপন করা হয়েছে তাতে মনে হওয়া বাধ্য যে পররাষ্ট্রনীতি যুক্তিগ্রাহ্য ভিত্তিতে রচিত হয়েছে, অথচ বাস্তবে সকল উপাদান যুক্তিগ্রাহ্য হওয়া প্রায় অসম্ভব। একথা মনে রাখতে হবে যে বৈদশিকনীতি আভ্যন্তরীণ রাজনীতির থেকে উপযুক্ত বিষয় নয়, সমকালীন গণতন্ত্রের পরিমণ্ডলে কেউই তার ইচ্ছা ও আকাঙ্খা অনুসরণ করে ক্ষমতার রাজনীতি অনুসরণ করতে পারে না। রাষ্ট্র বিজ্ঞানের ছাত্র-ছাত্রীদের কাছে একটি গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয় হল বিভিন্ন স্বার্থ গোষ্ঠীর দাবীর ফলে রাষ্ট্র যখন নির্দেশটি প্রণয়ন করে তখন বিভিন্ন গোষ্ঠী তার দাবি দাওয়া ও আশা আকাঙ্খা সরকারের কাছে পৌঁছে দিতে আগ্রহী হয়। তাই রাষ্ট্রীয় আচরণ শুধু রাষ্ট্রীয় সামর্থ নয় আরও বহুবিধ বিষয়ের উপর নির্ভরশীল।

২.৭ বিংশ শতাব্দীর নয়াবাস্তববাদ

দ্বিতীয়াদ্ধের শুরু থেকে পরিস্থিতি ও অথনৈতিক পরিমন্ডলে অর্থনেতিক উপাদানের গুরুত্ব ক্রমবর্ধমানভাবে স্বীকৃতি পেতে শুরু করে। তাছাড়া মরগ্যানথাউ-এ বাস্তববাদী তত্ত্বে জাতিরাষ্ট্রকে যে একমাত্র কারক বলে চিহ্নিত করা হয়েছিল তার ভূমিকায় কেন্দ্র করে অতিমাত্রায় বিতর্ক হতে শুরু করে। তাছাড়া 1970 এর দশকের উদ্ভুত পরিমন্ডলে মধ্যপ্রাচ্যের তৈলসঙ্কট ও কিউবান মিশাইল সঙ্কটের যথার্থ বিশ্লেষণে বাস্তববাদ ব্যর্থ হয়। আসলে আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে অর্থনীতির গুরুত্ব স্বীকার করে নেওয়ার অপরিনামদর্শীতা এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পরিবর্তিত আর্থ রাজনৈতিক পরিমন্ডলের ব্যর্থতার পরিপ্রেক্ষিতে রাষ্ট্র ছাড়া অন্যান্য অরাষ্ট্রীয় কারকের ভূমিকাকে বাস্তববাদী তত্ত্বে অন্তর্গত করতে না পারার কারণে যে সমালোচনা শুরু হয়েছিল তার থেকে উত্তরনের উদ্দেশ্যে নয়া বাস্তববাদের উদ্ভব হয়েছিল। 1973 এর মধ্যপ্রাচ্যে আরব উপসাগরে যুদ্ধের পরিমন্ডলে বিশ্ব বাজারে তেলের মূল্যবৃদ্ধি হওয়ায় এক সঙ্কট শুরু হয় এবং বোঝা যায় তেল আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে বৃহৎ নির্দ্ধারকের ভূমিকা নেবে। এই পরিস্থিতির বাস্তব সম্মত তত্ত্বের ব্যাখ্যা প্রদানের উদ্দেশ্যেই নয়াবাস্তববাদ ব্রতী

হয়। এই তত্ত্বের প্রধান প্রবক্তা হলেন কেনেথ ওয়ালজ ও থমাস শেলিং। ওয়ালজ 1979 সালে রচনা করেন Theory of International Politics বইটি। ওয়ালজ সমসাময়িক ও ধ্রুপদী বাস্তববাদের পরিদর্শন ও সংস্কারের মাধ্যমে নতুন অধ্যায় বাস্তববাদকে উপস্থাপিত করেন। এই ধারণাটিকে কাঠামোগত বাস্তববাদ বা (Structural Realism) বলা হয়। 1959 সালে লেখা The state and war বইটিতে তিনি সমসাময়িক ও প্রথাগত বাস্তববাদের সমালোচনা ও সংশোধনে উদ্যোগী হন। ওয়ালজ এর মতে নব্য বাস্তববাদ আন্তর্জাতিক ব্যবস্থার একটি অখন্ড ব্যবস্থা হিসাবে। তাঁর মতে বিশ্ব রাজনীতির গতি প্রকৃতি নানা নতুন কারককে অবলম্বন করে নতুন স্রোতে প্রবাহিত হয়ে চলেছে। আন্তর্জাতিক সম্পর্ক ও রাজনীতির জ্ঞাত যেসব পরিবর্তন ঘটে চলেছে তার বেশিটাই কাঠামোগত তাই একে কাঠামোগত বাস্তববাদ ও বলা হয়ে থাকে। Theory of International Politics এ ওয়ালজ বাস্তববাদের মূল বক্তব্য উপস্থাপন করেছেন। ওয়ালজ এর মতে প্রচলিত আন্তর্জাতিক সম্পর্কের তত্ত্বগুলি ব্যবস্থা পর তত্ত্ব বা মার্কসীয় তত্ত্ব ও সেই সূত্রে সংকীর্ণবাদী। এই তত্ত্বগুলি মূলত কয়েকটি উপকরণের সাহায্যে আন্তর্জাতিক সম্পর্ক ব্যাখ্যায় ব্রতী হয়েছে। কিন্তু তারা কখনই আন্তর্জাতিক সম্পর্ক বা কাঠামোর মাধ্যমে ব্যাখ্যা করতে পারেননি। এই প্রেক্ষিতে নয়া বাস্তববাদের দুটি বৃহৎ উদ্দেশ্য ছিল। এর মধ্যে প্রথমটি হল রাষ্ট্র ভিত্তিক আন্তর্জাতিক সম্পর্কের আলোচনার যে সূত্রপাত সাবেকী বাস্তববাদীরা করেছিলেন তাকে একটি কাঠামোগত ব্যাখ্যা প্রদান করা এবং দ্বিতীয়ত রাজনৈতিক বাস্তববাদ যেখানে আন্তর্জাতিক সম্পর্কের যে ব্যাখ্যাটি যে রাজনৈতিক ও সাময়িক সম্পর্কের মধ্যে দিয়ে করতে দেখা যায় সেখান থেকে সরে এসে অর্থনৈতিক বাস্তবতার যুক্তিতে বাস্তববাদকে ব্যাখ্যা করা। ওয়ালিজ আন্তর্জাতিক সম্পর্কের তিনটি উপাদানের কথা বলেছিলেন :

ক) ব্যবস্থার শৃঙ্খলার নীতি (The ordinary Pinciple of the System) : আন্তর্জাতিক সম্পর্ক যেহেতু নীতিগত ভাবে নৈরাজ্যমূলক এবং সেখানে কোনও আন্তর্জাতিক নিয়ন্ত্রণের উপস্থিতি নেই, তাই উদ্ভুত বিশৃঙ্খল আন্তর্জাতিক ব্যবস্থা কেন্দ্রীয় নির্দেশক নীতিরূপে পরিগণিত হয়েছে। এই কারণেই সামগ্রিকভাবে আন্তর্জাতিক বা আন্তঃরাষ্ট্র ব্যবস্থার মধ্যে অংশগ্রহণকারী রাষ্ট্রগুলির ভূমিকা মধ্যে প্রধান হয়ে ওঠে, যা বিশৃঙ্খল অবস্থায় অত্যন্ত স্বাভাবিক। তবে একথা ও ঠিক রাষ্ট্রগুলির মধ্যে সম্পর্কে যতই অপ্রীতিকর হত পরিস্থিতির সৃষ্টি হোক না কেন শেষ পর্যন্ত কোনও চূড়ান্ত পদক্ষেপ গ্রহণ করা থেকে রাষ্ট্রগুলি ব্যাহত থেকেছে। কারণ প্রতিটি রাষ্ট্রে কিছু আন্তর্জাতিক ও কূটনৈতিক বাধ্যবাধকতা বিদ্যমান। তাই কূটনৈতিক রাষ্ট্রীয় স্বার্থ রক্ষার তাগিদ থাকলেও এক প্রকার সংযম বিদ্যমান এই পরিবেশে আন্তর্জাতিক স্তরে একটি রাষ্ট্রের ভূমিকার কেবল স্বার্থের মাধ্যমে ব্যাখ্যা করা যায় না। এর অর্থ হল এটাই আন্তর্জাতিক রাষ্ট্র ব্যবস্থা সাথে যে একটি কাঠামো রয়েছে তার সদর্থক ভূমিকা আছে। ওয়ালজ বললেছে এই কাঠামোটি আদতে একটি শক্তি রচনা কাজ করে যা এর উপাদানগুলি ভূমিকার সুরক্ষিত ও নিয়ন্ত্রণ করে। এখানে উপাদান হল মূলত রাষ্ট্রীয় উপাদান।

২) ব্যাবস্থার এককের চরিত্র (The character of the unit in the system) : ওয়ালজ এর মতে আন্তঃরাষ্ট্র ব্যবস্থার এককগুলির চরিত্র সাধারণত একই রকম। রাষ্ট্রগুলি তাদের মধ্যে যতই গগ ও রাষ্ট্রনৈতিকভাবে বৈচিত্র্যপূর্ণ ব্যবস্থা গগ গগ আন্তর্জাতিক মানও তাদের আচার আচরণ সাদৃশ্য লক্ষ্য করা যায়। ঠান্ডাযুদ্ধের পর্ব বিদ্যমান দুই শিবিরে দুই প্রধান রাষ্ট্র সোভিয়েত রাশিয়া ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে অদ্ভুতভাবে আচরণ ও সাদৃশ্য লক্ষ্য করা গেছে। একই সাথেই উভয়েই নিরাপত্তাহীনতার কারণে যারপরই উভয়পক্ষ সামগ্রিক শক্তি বৃদ্ধিতে গগ হতে দেখা গেছে।

৩) ব্যবস্থার এককগুলি মধ্যে সমতার তত্ত্বের সামর্থ্যের বণ্টন (the distridution as the capabilites of the units in the system) : কৌশলগত সুবিধা অর্জনের জন্য প্রতিটি রাষ্ট্র উদ্যোগী হয়, আসলে ছোট বড়ো নির্বিশেষে প্রতিটি রাষ্ট্রই বিশদের অস্তিত্ব রক্ষার তাগিদেই গগ হয়। তাই রাষ্ট্রের কাছে অন্যান্য সকল কাজের তুলনায় নিরাপত্তা সংক্রান্ত কাজে প্রতিটি রাষ্ট্রকে তৎপর হতে হয়। গগ তার আলোচনায় নয়া বাস্তববাদের চারটি বৈশিষ্ট্য তুলে ধরেছেন এগুলি হল যথাক্রমে

1) রাষ্ট্র কেন্দ্রিকতা, 2) উপযোগী গগ নীতি 3) দৃষ্টবাদের গগ এবং 4) কাঠামোবাদী গগ উপস্থিতি। ওয়ালজ এর মতে রাষ্ট্র যত বৈপ্লবিক বা সমাজতান্ত্রিক গগ কেন ক্ষমতাবৃদ্ধি প্রতিটি রাষ্ট্রের বৈশিষ্ট্য এবং এই ধারণাটি চলে আসছে গগ শতাব্দী জুড়ে গগ রাষ্ট্রের আভ্যন্তরীণ পরিমণন্ডলে পরিবর্তন সত্বেও রাষ্ট্রের বর্হিদেশীয় নিয়মটি অপরিবর্তিতই থেকে গেছে। একথাও ঠিক যে, আন্তর্জাতিক পরিবেশে গগ রাষ্ট্রকে একই রকম কর্মসূচি গ্রহণ করতে বাধ্য করলেও তাদের নিজেদের মধ্যে সামর্থের বৈষম্য এত প্রবল যে শেষ পর্যন্ত শক্তি সাম্যের গগ আন্তর্জাতিক রাজনীতিতে প্রাধান্য লাভ করেছে। ঠিক এই কারণেই সোভিয়েত ইউনিয়নকে ওয়ালজ চুক্তি সম্পাদন করতে হয়েছিল Nato চুক্তির পর। এই চুক্তিই ওয়ালজ এরমতে দ্বিমেরুপ্রবণ বিশ্ব ব্যবস্থা ঠান্ডাযুদ্ধের সময় বিশ্ব শান্তি রক্ষা করতে সক্ষম হয়েছিল। ওয়ালজ মনে করেছিলেন যে শক্তিসাম্য আন্তর্জাতিক সম্পর্কে প্রাধান্যকারী নীতি হিসবে থেকে গেল তা একবার প্রতিষ্ঠিত হলেই যে তা চিরস্থায়ী হবে তার কোনও অর্থ নেই বরং চূড়ান্ত নৈরাজ্য ও ক্ষেত্র বিশেষ গগ শক্তি সাম্যেরনীতি কোনও না কোনভাবে পুনরুজ্জীবিত হবে এটা মনে করাই হল কারণ নেই এককাংশ মত মেরুকেন্দ্রিক ব্যবস্থা গগ দ্বিমেরুকেন্দ্রিক ব্যবস্থার উপর অনাস্থাশীল ছিলেন। সোভিয়েত রাশিয়ার গগ সাথে সাথ মার্কিন নেতৃত্বে যে একমেরুকেন্দ্রিক বিশ্ব ব্যবস্থা হয়ে উঠেছিল তা কিন্তু ওয়ালজ এর বক্তব্যকে সমর্থন করেননি। এখানে কাঠামোগত তত্ত্ব গগ সমসাময়িক বাস্তববাদী তত্ত্বের মতই সমালোচনার সম্মুখীন হয়েছিল এবং একই ধরনের বিশ্লেষণের গগ দোষে দুষ্ট হয়েছিল।

সাবেকি ও সমসাময়িক ও নয়াবাস্তববাদের মধ্যে অন্তর্নিহিত পার্থক্য মরগ্যানথাউ যে সমসাময়িক বাস্তববাদের গগ নয়া বাস্তববাদী ধারণার কিছু পার্থক্য আছে এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হল :

১) মানব প্রকৃতি সম্পর্কে সমসাময়িক বাস্তববাদী ও নয়াবাস্তববাদীকে ধারণাগত পূর্বানুমানের মধ্যে বিস্তর পার্থক্য বিদ্যমান সমসাময়িক বাস্তববাদীরা যেভাবে মানব প্রকৃতি আলোচনা করেছেন সেক্ষেত্রে নয়াবাস্তববাদীরা আন্তর্জাতিক ব্যবস্থার কাঠামো নিয়ে আলোচনা করেছেন এত বেশি যে মানব প্রকৃতি নিয়ে তাদের আলোচনা প্রায় অনুপস্থিত। সাবেকি বাস্তববাদের মানব প্রকৃতিতে নৈরাজ্যমূলক আন্তর্জাতিক নৈরাজ্যপূর্ণ পরিস্থিতিতে রাষ্ট্রগুলি যুদ্ধে লিপ্ত হয়। তার নেতিবাচক ভূমিকাকে তুলে ধরা হয়েছে। কিন্তু নয়াবাস্তববাদী গগ স্বতন্ত্রভাবে মানুষের কোনও ভূমিকার কথা সেই অর্থে স্বীকার করা হয়েছে। আন্তর্জাতিক কাঠামো রাষ্ট্রের নীতি নির্দ্ধারণকারী গগ ব্যাপকভাবে প্রভাবিত করে। ব্যবস্থা নিয়ে গগ বিদেশ ভূমিকা পালনকারীরা স্বতন্ত্র কোনও ভূমিকা নেই।

২) সমসাময়িক বাস্তববাদের ক্ষমতা বলতে মূলত সাময়িক সামর্থ্যকে বোঝায়। ওয়ালজ ক্ষমতাকে আলোচনা করেছেন রাষ্ট্রে সামগ্রিক যে ক্ষমতা তার যোগফলের নিরিখে। সামর্থ্যের মধ্য দিয়ে আন্তর্জাতিক ব্যবস্থার রাষ্ট্রের নির্ধারিত হয় তার সামর্থ্য অনুযায়ী।

৩) ক্ষমতার ভারসাম্যের প্রমাণ বাস্তববাদী ও নয়াবাস্তববাদীদের মধ্যে বিশেষ পার্থক্য লক্ষণীয়। ক্ষমতার ভারসাম্য ধার রাখার ক্ষেত্রে রাষ্ট্রের নেতৃত্ব বিশেষ ভূমিকা থাকে বাস্তববাদীদের মতে। ক্ষমতা হল সচেতন প্রয়াসের উদ্যোগ এবং ভারসাম্য স্বাভাবিক বিষয়। কিন্তু ওয়ালজের মতামত অনুযায়ী ক্ষমতার ভারসাম্য রাষ্ট্র পরিচালকদের ইচ্ছা ও অনিচ্ছা নিরপেক্ষভাবে গড়ে ওঠে। আন্তর্জাতিক নৈরাজ্যবাদী পরিমণ্ডলে ক্ষমতার কাঠামো ভারসাম্য প্রতিষ্ঠার বিশেষ নির্দ্ধারকের ভূমিকা পালন করে।

৪) সমসাময়িক বাস্তববাদের প্রেক্ষিতে ক্ষমতা রাজনীতির নিরিখে আলোচনা হয়ে থাকে। কিন্তু ওয়ালজ রাষ্ট্রের মধ্যকার আন্তঃরাষ্ট্রীয় ক্ষমতাকে বিশ্লেষণ করতে গিয়ে সাময়িক সামর্থ্যর উপর মাত্রাতিরিক্ত গুরুত্ব আরোপ করেছেন এর ফলে আর্থ রাজনৈতিক ও সাংস্কৃতিক বিষয় আন্তঃরাষ্ট্রীয় সম্পর্কের ক্ষেত্রে যে ব্যাপক প্রভাব রয়েছে তাকে খানিকটা সচেতনভাবে অগ্রাহ্য করেছেন।

নয়াবাস্তববাদের সমলোচনা : দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রেক্ষাপটে যদি বাস্তববাদেরর উদ্ভবের প্রেক্ষিত হয় তাহলে নয়া বাস্তববাদ গড়ে উঠেছিল রুশো মার্কিন ঠান্ডাযুদ্ধের বাতাবরণে, নয়াবাস্তববাদে সমালোচনা অনেকেই করেছেন কিন্তু তার মধ্যে উল্লেখযোগ্য হল। অ্যান্ড্রু লিনকার গগ, ফ্রাঙ্কফুর্ট স্কুল এবং ক্রিজ ব্রাউনের মত তত্ত্বকারেরা এই সমালোচনাগুলি নিম্নরূপ :

প্রথমত : ফ্রাঙ্কফুট স্কুলের তাত্ত্বিকদের মতে নয়াবাস্তববাদীরা যেভাবে আন্তর্জাতিক রাজনীতির কাঠামোগবাদী ধারণার গঠন করেছেন যাতে কারক বা বিষয়ীর কোনও ভূমিকা নেই। কাঠামোতে ব্যক্তির কোনও ভূমিকা নেই। আসলে কাঠামোর নামে নয়াবাস্তববাদীরা প্রভুত্বকে স্বীকার করেছেন।

দ্বিতীয়ত : ক্রিজ ব্রাউন মনে করেন যে ওয়ালজ যে এক শৃঙ্খলসম্পূর্ণ নৈরাজ্যমূলক ব্যবস্থা করা গগ বিদ্যমান নৈরাজ্যমূলক ব্যবস্থার শ্রেয় বলে মনে করেছেন। তিনি নতুন তত্ত্ব গঠন আগে সমসাময়িক বাস্তববাদের উদ্ভুত সমস্যার গগ সমাধান অনেক বেশি ব্রতী হয়েছিলেন।

তৃতীয়ত : আদতে নয়া বাস্তববাদ মার্কিন অধিপত্যবাদের কাঠামোকে বিশ্বজনীনভাবে উপস্থাপিত করতে এসে আদতে ধর্মতন্ত্রের মার্কিন কাঠামোর বিশ্বজনীন বৈধতাদানের মধ্যে দিয়ে তাকে সংরক্ষণ ব্রতী হয়েছে।

চতুর্থত : 1995 এ 'New Realism in Theory and Practice' প্রবন্ধে অ্যান্ড্রু মিনকার গগ তিনটি দিক থেকে নয়াবাস্তববাদের সমালোচনা করেছেন, তার মধ্যে অন্যতম হল এই যে ওয়ালজ কারক ও কাঠামোর মধ্যে সম্পর্কে নির্দিষ্ট করে কিছু বলেননি। তাছাড়া আন্তর্জাতিক ব্যবস্থা পরিবর্তনে রাষ্ট্রের কাঙ্খিত ভূমিকা কি সে নিয়ে এই তত্ত্ব নীরব, তাছাড়া রাষ্ট্রের উদ্দেশ্য ও লক্ষ্য স্থানীয় এর ও পরিবর্তন হয়। বর্তমান রাষ্ট্র সাময়িক বিস্তারে অপেক্ষা অর্থনৈতিক বিস্তারে বেশি আগ্রহী কারক যুদ্ধের গগ প্রযুক্তিগত কারণে অনেক হয়েছে।

পঞ্চমত : নয়াবাস্তববাদের গগ সুষ্ঠ ও নৈরাজ্য আন্তর্জাতিক সম্পর্কের চালিকা শক্তি, এক্ষেত্রে নীতিবোধ ও সাংস্কৃতির পরিমন্ডলে তা এক বিশেষ ভূমিকা আছে নয়াবাস্তববাদীরা তাকে অগ্রাহ্য করেছেন। এছাড়া নৈরাজ্যে ও যে সহযোগীতা তৈরি হতে পারে, জাতিপুঞ্জের জন্ম তার প্রমাণ। তাছাড়া কিউবার গগ সঙ্কটের ক্ষেত্রের মধ্যে মার্কিন-রাশিয়ান চুক্তি স্বাক্ষরিত হয়।

ষষ্ঠত : অতিমাত্রায় ক্ষমতাও ক্ষমতার ভারসাম্যের উপর গুরুত্ব আরোপের করবে এই তত্ত্ব আদতে আন্তর্জাতিক ব্যবস্থা বা সম্পর্কের মূল পরিবর্তনগুলিকে এড়িয়ে গেছেন। আন্তর্জাতিক ব্যবস্থার আদর্শের ভূমিকা জাতীর স্বার্থ ও নিরাপত্তার প্রভাব তুলনামূলকভাবে বেশি গ প্রয়োজনীয় সে নিয়ে কোনও আলোচনা এই তত্ত্ব করেনি। অর্থাৎ আন্তর্জাতিক সম্পর্কের যে একটি আদর্শগত অঙ্গীকার আছে গগ কেন্দ্রিকতার বাইরে প্রয়োজনীয়তা ভিত্তিক ব্যবস্থা প্রতিষ্ঠা করা যেতে পারে নয়াবাস্তববাদ এই বিকল্পের কথা মানতে একেবারে রাজী নয়। এটা ঠিক আন্তর্জাতিক রাজনীতি ব্যাখ্যায় বাস্তববাদের যে চিরায়ত প্রসঙ্গ আছে তা অনস্বীকার্য, কিন্তু গগ আন্তর্জাতিক পরিস্থিতি দিকে অস্বীকার না করেও তারা এই পরিবর্তন ব্যাখ্যায় কোনও পরিবর্তিত দৃষ্টভঙ্গি প্রদান করেননি। বরং এক্ষেত্রে তারা পূর্বানুমানগুলি অর্থাৎ ক্ষমতা সৃষ্টি, ক্ষমতার ভারসাম্য অনেকেই গগ আলোচনাকে কেন্দ্রীভূত করে রেখেছিলেন।

২.৮ মূল্যায়ন নিমিত্ত প্রশ্নাবলী

১। নিম্নলিখিত বিষয়ে উত্তর দাও।

ক) আন্তর্জাতিক সম্পর্কে মুখ্য তত্ত্ব কি কি ? আন্তর্জাতিক সম্পর্কে বাস্তববাদের তত্ত্ব হিসাবে তাৎপর্য কি?

খ) নয়াবাস্তববাদ কিভাবে বাস্তববাদের সংশোধন ও পরিমার্জন করেছিল তা ব্যাখ্যা কর?

গ) মরগ্যানথাউ প্রদত্ত বাস্তববাদের মূল প্রস্তাবগুলি বিস্তারিতভাবে ব্যাখ্যা কর?

ঘ) ধ্রুপদী বাস্তববাদের কোনও সীমাবদ্ধার ফলে সমসাময়িক বাস্তববাদের উৎপত্তি হয়েছিল এবং কোন প্রেক্ষিতে তা প্রাসঙ্গিক ছিল।

ঙ) কেনেথ ওয়ালজ প্রদত্ত নয়া বাস্তববাদের মূল বক্তব্য সম্পর্কে একটি সমালোচনামূলক টিকা লেখ?

চ) বাস্তববাদ ও নয়াবাস্তববাদের মধ্যে মৌলিক পার্থক্যের ক্ষেত্র কি কি? নয়া বাস্তববাদ বাস্তববাদ কোন কোন মূখ্য সমালোচনাগুলিকে হাতিয়ার করে বিকশিত হয়েছিল।

২.৯ সাহায্যকারী গ্রন্থপঞ্জী

i. Baylis, John., & Smith, Steve. (2001). *The Globalisation of World Politics: An Introduction to International Relations*. New York: Oxford University Press.

ii. Daddow, Oliver. (2013). *International Relations Theory: The Essentials*. Sage.

iii. Jackson, Robert., & Sorensen, George. (1999). *Introduction to International Relations: Theories and Approaches*. Oxford University Press.

পাঠক্রম : 2.1

Unit-3

ব্যবস্থা-বিশ্লেষণ তত্ত্ব ও সিদ্ধান্ত গ্রহণমূলক তত্ত্ব
Systems Theory and Decision Making

বিষয়সূচী :

২.১ পাঠ-উদ্দেশ্য

২.২ ভূমিকা

২.৩ ব্যবস্থা বিশ্লেষণ দৃষ্টিভঙ্গী

- **২.৩.১ শক্তিসাম্য ব্যবস্থা (Balance of Power System)**
- **২.৩.২ অসংলগ্ন দ্বিমেরু ব্যবস্থা (Loose Bipolar System)**
- **২.৩.৩ সুদৃঢ় দ্বিমেরু ব্যবস্থা (Tight Bipolar System)**
- **২.৩.৪ বিশ্বজনীন আন্তর্জাতিক ব্যবস্থা (Universal International System)**
- **২.৩.৫ সোপানতান্ত্রিক ব্যবস্থা (Hierarchical System)**
- **২.৩.৬ ইউনিট ভেটো ব্যবস্থা (Unit Veto System)**

২.৪ সিদ্ধান্ত গ্রহণমূলক দৃষ্টিভঙ্গী (Decision Making Theory)

২.৫ মূল্যায়ন নিমিত্ত প্রশ্নাবলী

২.৬ সাহায্যকারী গ্রন্থপঞ্জী

২.১ পাঠ-উদ্দেশ্য

এক এককটি পড়লে জানা যাবে—

(ক) কাপলানের ব্যবস্থা বিশ্লেষণ দৃষ্টিভঙ্গি ও

(খ) সিদ্ধান্তগ্রহণমূলক দৃষ্টিভঙ্গি

২.২ ভূমিকা

আন্তজার্তিক রাজনীতি চর্চার গতি, প্রবণতা ও সময়কাল অনুযায়ী আন্তর্জাতিক সম্পর্কের তত্ত্বসমূহকে বিশ্লেষণ করা হয়েছে। আন্তর্জাতিক ব্যবস্থা এমনি এক ধারণা প্রণালীতে বিশ্লেষণ আন্তর্জাতিক ব্যবস্থা ও রাজনৈতিক জীবন সম্পর্কে একটি সাধারণ তত্ত্ব প্রতিষ্ঠিত করেছে। এই দৃষ্টিভঙ্গির প্রবক্তা Morton Kaplan ব্যবস্থা বিশ্লেষণ তত্ত্বের সাহায্যে বিভিন্ন রাজনৈতিক কাঠামোর মধ্যেকার সাদৃশ্য ও বৈসাদৃশ্য তুলে ধরেছেন। এই তত্ত্বের ছয়টি মডেলের কথা তিনি বলেছেন। আন্তর্জাতিক

সম্পর্ক মূলত বিভিন্ন রাষ্ট্রে মধ্যে ক্রিয়া, প্রতিক্রিয়া ও মিথস্ক্রিয়া দ্বারা গঠিত—এই প্রক্রিয়ার পিছনে যে চালিকাশক্তি কাজ করে তা সিদ্ধান্ত গ্রহণ তত্ত্ব। রিচার্ড স্নাইডার, হার্বার্টি সাইমন প্রমুখেরনাম এই তত্ত্বের সঙ্গে জড়িত। সিদ্ধান্ত গ্রহণকে নীতি নির্ধারণের মূল স্তম্ভরূপে দেখা হয়।

২.৩ ব্যবস্থা বিশ্লেষণ দৃষ্টিভঙ্গী

বিংশ শতাব্দীর পঞ্চাশের দশক থেকে আন্তর্জাতিক রাজনীতির ব্যাখ্যা ও বিশ্লেষণে কিছু কিছু ধারণা প্রাধান্য পেতে শুরু করে। আন্তর্জাতিক ব্যবস্থা বা প্রণালী (system) এরকমই একটি ধারণা, প্রণালীগত বিশ্লেষণ আন্তর্জাতিক ব্যবস্থা ও রাজনৈতিক জীবন সম্পর্কে একটি সাধারণ তত্ত্বকে প্রতিষ্ঠিত করেছে। এই দৃষ্টিভঙ্গির মূখ্য প্রবক্তা হলেন মর্টন কাপলান (Morton Kaplan) তার 'System and Process in International Politics' গ্রন্থটি ১৯৫৭ সালে প্রকাশিত হয়। এই গ্রন্থে তিনি ব্যবস্থা-বিশ্লেষণ তত্ত্বটি সবিস্তারে আলোচনা করেন। কেমন করে পারিপার্শ্বিক অবস্থার সঙ্গে সঙ্গতি রেখে পরিবর্তনের মধ্যেও আন্তর্জাতিক ব্যবস্থার অস্তিত্ব বজায় থাকে, তাকেই ব্যাখ্যা করতে চেয়েছেন কাপলাম।

বিশ্বের সমস্ত রাষ্ট্র মিলে একটি আন্তর্জাতিক ব্যবস্থা তৈরি করেছে এবং তারা সকলে নিজেদের মধ্যে মিথস্ক্রিয়ায় লিপ্ত এই ধারণাকে অবলম্বন করে আন্তর্জাতিক রাজনীতিকে প্রণালীবদ্ধ ভাবে আলোচনা করতে হবে। নানা কারণে বিভিন্ন রাষ্ট্রের মধ্যে যোগাযোগ, নির্ভরশীলতা, আদান-প্রদান এত বৃদ্ধি পেয়েছে যে এক রাষ্ট্র অন্য রাষ্ট্র থেকে অথবা রাষ্ট্র সমূহের পরিমন্ডল থেকে বিচ্ছিন্ন হয়ে থাকতে পারে না। ক্ষুদ্র বামাঝারি রাষ্ট্র, অনুন্নত বা উন্নয়ণশীল রাষ্ট্র, শিল্পোন্নত রাষ্ট্রগুলির উপর বহু অংশে নির্ভরশীল। বিশেষ করে প্রযুক্তিবিদ্যার সাহায্য নিতে গেলে তৃতীয় বিশ্বের দেশগুলিকে শিল্পসমৃদ্ধ রাষ্ট্রের উপর নির্ভর করতেই হয়। অপরদিকে উন্নতদেশগুলিও নানা কারণে উন্নয়নশীল দেশগুলির মুখপেক্ষী। তাই বর্তমান বিশ্বে আন্তর্জাতিক ব্যবস্থা একটি বাস্তব সত্য।

এক শতক বা তারও অধিক কাল আগে বিশ্বের রাষ্ট্রগুলি যে অবস্থায় ছিল সেই চিত্র মাথায় রেখে আন্তর্জাতিক রাজনীতি বা সম্পর্ক আলোচনা করতে যাওয়া নিষ্ফল। বর্তমানে আন্তর্জাতিক ব্যবস্থার মধ্যে বহু আঞ্চলিক সংগঠন স্থাপিত হয়েছে। যদি আন্তর্জাতিক ব্যবস্থা বলতে কোনও ঐক্যবদ্ধ ব্যবস্থা বোঝানো হয় তাহলে নিঃসন্দেহে আঞ্চলিক সংগঠনগুলি তার বিরোধী। কিন্তু কার্যক্ষেত্রে এই আঞ্চলিক সংস্থাগুলি আন্তর্জাতিক ব্যবস্থাকে সুদৃঢ় করে তুলতে সাহায্য করছে। কোনও অতি বৃহৎ শক্তিও আজ ব্যবস্থার বাইরে থাকা কল্পনা করতে পারে না।

মর্টন কাপলান বলেছেন—রাষ্ট্রনীতিকে বৈজ্ঞানিক দৃষ্টি দিয়ে বিচার-বিশ্লেষণ করতে হলে সর্বাগ্রে প্রয়োজন, রাষ্ট্রনীতি যে সমস্ত উপাদানের সমন্বয়ে গঠিত তাদের একটা ব্যবস্থা হিসেবে গণ্য করা। তার কারণ হল এই যে, এই উপাদানগুলি পারস্পরিক নির্ভরশীলতার ভিত্তিতে নিবিড়ভাবে সম্পর্ক যুক্ত। এই উপাদানগুলি বিচ্ছিন্নভাবে কাজকর্ম সম্পাদন করে না, ব্যবস্থার অংশ হিসেবে কাজ করে।

ব্যবস্থাটি যে সব উপাদানগুলি নিয়ে গঠিত এবং যারা নিজেদের মধ্যে কার্মিক সম্পর্ক স্থাপন করেছে তাদেরকে 'চল! (variable) বলে। এদের কাজকর্মকে আচরণ বলে অভিহিত করা হয়। ব্যবস্থা-বিশ্লেষণ তত্ত্বের প্রবক্তারা দাবি করেন যে এই চলগুলির আচরণের মধ্যে নিয়মানুগতা আছে। রাজনীতিক ব্যবস্থার অভ্যন্তরে যে সব 'চল' আছে তারা একটি নিয়মানুগ সম্পর্কের বন্ধনে আবদ্ধ। উপরন্তু এরা বাইরের 'চলে'র সঙ্গেও সম্পর্কযুক্ত।

রাষ্ট্র ব্যবস্থার একটি অংশের কাজ বা আচরণ অন্য অংশের উপর প্রভাব ফেলে এবং তার প্রতিক্রিয়া লক্ষ্য করা যয়। তাই রাষ্ট্র ব্যবস্থার মধ্যে যে সমস্ত ঘটনা প্রতিনিয়ত ঘটে যাচ্ছে সেগুলিকে আপতিক বা সমগ্র ব্যবস্থা থেকে সম্পর্কবিহীন

বলে মনে করা অযৌক্তিক। স্নায়ুযুদ্ধ, অস্ত্রোৎপাদনে, সামরিক মোর্চা গঠন প্রভৃতি যাবতীয় বিষয়ে ব্যবস্থামূলক বিশ্লেষণ পদ্ধতির দ্বারা ব্যাখ্যা করা যায়।

কাপলানের মতে ব্যবস্থা-বিশ্লেষণ তত্ত্বের সাহায্যে বিভিন্ন রাজনৈতিক কাঠামোর মধ্যে যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য আছে সেগুলি চিহ্নিত করা যায়। বিভিন্ন 'চল' এর প্রতিক্রিয়া সর্বত্র সমান নয়। কাপলান ও তার মতের অনুগামীরা মনে করে যে একমাত্র ব্যবস্থা-বিশ্লেষণ তত্ত্বের সাহায্যে বিভিন্ন বিষয়ের মধ্যে যোগসূত্র স্থাপন করা সম্ভব। অর্থনীতি, আইন, সমাজতত্ত্ব, নৃবিদ্যা, রাষ্ট্রবিজ্ঞান, আন্তর্জাতিক সম্পর্ক প্রভৃতি বিষয়গুলি নামে আলাদা হলেও এদের চলগুলির মধ্যে নিবিড় সম্পর্ক আছে। ব্যবস্থা-বিশ্লেষণ তত্ত্ব মনে করে যে কোনও একটি বিষয় বা শাখা (discipline) অন্য বিষয় থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন নয়।

আন্তর্জাতিক রাজনীতি বিশ্লেষণ করলে এই ব্যবস্থা বিশ্লেষণ তত্ত্বের প্রাসঙ্গিকতা বোঝা যায়। যেমন বিদেশ নীতির প্রস্তুতিতে অর্থনীতি, সমাজবিদ্যা এবং অন্যান্য বিষয়ের সুস্পষ্ট প্রভাব লক্ষ্য করা যায়। অর্থনৈতিক ক্ষেত্রে পশ্চাদপদতা, বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার ক্ষেত্রে অনগ্রসরতা একটা দেশকে বাধ্য করে শিল্পোন্নত রাষ্ট্রগুলিকে তোষণ করে চলতে এবং বিদেশনীতিও সেই মতোই তৈরি করে। আবার, একটি রাষ্ট্রের আচরণ বা গৃহীত নীতি অন্য একটি রাষ্ট্রের নীতিকে প্রভাবিত করে। এইভাবে শৃঙ্খলাকারে আন্তর্জাতিক স্তরে পর পর ঘটনা ঘটে যায়। উদাহরণস্বরূপ বলা যেতে পারে যে মার্কিন যুক্তরাষ্ট্রের পাকিস্তানকে যুদ্ধাস্ত্র সরবরাহের সিদ্ধান্তে সুদূর প্রসারী প্রভাব পাকিস্তান, ভারত, বাংলাদেশ ও চীনের বিশাল ভূখন্ডের রাজনৈতিক অবস্থার উপর পতিত হয়। পাকিস্তানের হাতে অধিক পরিমাণ অস্ত্র আসায় ভারত তার বিদেশনীতি সংশোধন করতে বাধ্য হয়। মার্কিন যুক্তরাষ্ট্র কর্তৃক পাকিস্তানকে অস্ত্র সাহায্য এখানে উপকরণ (input) এবং ভারতের বিদেশনীতির পূর্ণমূল্যায়ন হল উৎপাদন (output)।

যখন কোনও উপকরণ 'চল'গুলির মধ্যেকার সম্পর্কে আমূল পরিবর্তন আনে তখন ব্যবস্থার আচরণ লক্ষণীয়ভাবে বদলে যায়। এই ধরনের উপকরণকে 'Step-level functiona' বলে। উদাহরণ একটি বিপ্লব কেবল রাজনৈতিক পরিবর্তন আনে না। আইনগত, সামাজিক, অর্থনৈতিক ও প্রশাসনিক ক্ষেত্রেও পরিবর্তন আনে। এই আমূল পরিবর্তনকে 'Step-level function' বলে। উপকরণ ব্যবস্থার ভিতর থেকেও আসতে পারে আবার বাইরে থেকেও। একটি রাষ্ট্রের বিদেশনীতি অন্য এক রাষ্ট্রের কাছে উপকরণ হিসেবে কাজ করতে পারে। যেমন—মার্কিন বিদেশনীতির দিকে তাকিয়ে, ভারত বা পাকিস্তান তাদের নিজেদের বিদেশনীতি স্থিরকরে। আবার একটি রাষ্ট্রের অর্থনৈতিক বিকাশ অন্য রাষ্ট্রের অর্থনৈতিক বিকাশকে প্রভাবিত করতে পারে। কাপলান এই উপকরণ উৎপাদন সম্পর্ককে 'Coupled' ব্যবস্থা বলেছেন।

ব্যবস্থার অন্তর্গত কোনও এককের, অর্থাৎ কোনও রাষ্ট্রের অভ্যন্তরীণ রাজনীতি, অর্থনীতি বা সামাজিক ব্যবস্থার যদি পরিবর্তন ঘটে তাহলে বলা হয় যে সে রাষ্ট্রের স্থিতিশীলতা নষ্ট হয়ে গেছে। এর পিছনে বাইরের কোনও শক্তি বা অভ্যন্তরীণ 'চল' কাজ করতে পারে। বর্তমানে তৃতীয় বিশ্বের দেশগুলি, শিল্পোন্নত রাষ্ট্রের সংস্পর্শে এসে যাওয়ায় এদের আর্থ-সামাজিক রাজনৈতিক কাঠামো বদলতে শুরু করে। নতুন করে এক স্থিতিসাম্য আত্মপ্রকাশ করে। পূর্বতন ব্যবস্থা ভেঙে গিয়ে নতুন ব্যবস্থা গড়ে উঠবে কিনা তা নির্ভর করে নতুন পরিবর্তনের জোয়ার প্রতিহত করার ক্ষমতা পূর্বতন ব্যবস্থার আছে কি না।উদাহরণস্বরূপ বলা যেতে পারে যে সোভিয়েত ইউনিয়ন একসময়ে বিশ্বের একটি দুর্ভেদ্য পরাশক্তি ছিল। কিন্তু আটের দশকের শোষশেষি নাগাদ সেই দুর্গে ভাঙন দেখা দেয় এবং নয়ের দশকের শুরুতে সেই পরাক্রমী পরাশক্তি খন্ড-বিখন্ড হয়ে যায়। বিশ্লেষকদের মতে সাম্যবাদী কাঠামোতে এমন কতকগুলি দুর্বলতা ছিল সেগুলি পুঁজিবাদী রাষ্ট্রগুলির প্রভবে এসে শক্তিশালী হয়ে ওঠে। সোভিয়েত ইউনিয়ন ভেঙে গিয়ে কতগুলি স্বাধীন, সার্বভৌম রাষ্ট্রে পরিণত হয়েছে। নতুন করে সেইসব রাষ্ট্রে স্থিতিসাম্য গড়ে উঠেছে। ব্যবস্থার অভ্যন্তরের এই ভাঙাগড়া প্রতিনিয়ত চলছে। আন্তর্জাতিক রাজনীতির

এই পরিবর্তন কেবল ব্যবস্থা বিশ্লেষণ পদ্ধতির সাহায্যে সাফল্যের সঙ্গে অনুধাবন করা যায়।

মর্টন কাপলান তার ব্যবস্থামূলক বিশ্লেষণে ছয়টি মডেলের উল্লেখ করেছেন। আন্তর্জাতিক ব্যবস্থায় এই মডেলগুলি প্রায়শই দেখা যায়। অনেকে এগুলিকে ব্যাখ্যা নিরপেক্ষ অনুসন্ধান মডেল (heuristic model) বলে অভিহিত করেন। কাপলানের বর্ণিত মডেলগুলি নিম্নরূপ—

২.৩.১ শক্তিসাম্য ব্যবস্থা (Balance of Power System)

শক্তিসাম্য ব্যবস্থা বহু পুরানো ও শান্তি স্থাপনের এক প্রভাবশালী হাতিয়াল। রাষ্ট্রগুলি শক্তিসাম্য অর্জনের উদ্দেশ্যে জোট তৈরি করে। এর প্রয়োজনীয়তা তখনই অনুভূত হয় যখন রাষ্ট্রগুলি দেখে যে অল্প সময়ে জাতীয় সম্পদকে কাজে লাগিয়ে জাতীয় শক্তি বৃদ্ধির সম্ভাবনা বিশেষ নেই। এর কারণ বা কর্মকর্তা হল জাতীয় রাষ্ট্র। শক্তি সাম্য আন্তর্জাতিক রাজনীতিতে একটি বিশেষ পরিচিত কৌশল।

২.৩.২ অসংলগ্ন দ্বিমেরু ব্যবস্থা (Loose Bipolar System)

অসংলগ্ন দ্বিমেরু ব্যবস্থার (loose bipolar system) অন্যতম বৈশিষ্ট্য হচ্ছে, রাষ্ট্রগুলি মোটামুটি দুটি মেরু বা গোষ্ঠীতে বিভক্ত। কিন্তু সদস্যরা গোষ্ঠী বদলাতে পারে। আবার দুই গোষ্ঠীর বাইরেও কেউ কেউ থেকে যায়। এই ভাসমান রাষ্ট্রগুলি যে গোষ্ঠীতে যোগ দেয়, সেই গোষ্ঠীর ক্ষমতা বাড়ে।

২.৩.৩ সুদৃঢ় দ্বিমেরু ব্যবস্থা (Tight Bipolar System)

সুদৃঢ় দ্বিমেরু ব্যবস্থা অসংলগ্ন দ্বিমেরু ব্যবস্থার বিপরীত। গোষ্ঠীর সদস্যদের এক্ষেত্রে সম্পর্ক সুদৃঢ় এবং ইচ্ছা করলেই কেউ গোষ্ঠী ত্যাগ করে যেতে পারে না। অথবা গোষ্ঠীভুক্ত হওয়ার সুবিধা এতো বেশি যে কোনও সদস্য রাষ্ট্র সহজে গোষ্ঠী ত্যাগ করতে চাইবে না। আর যারা গোষ্ঠীর বাইরে আছে, আন্তর্জাতিক রাজনীতির কর্মকর্তা হিসেবে তারা তাৎপর্যহীন।

২.৩.৪ বিশ্বজনীন আন্তর্জাতিক ব্যবস্থা (Universal International System)

আন্তর্জাতিক রাজনীতি ব্যবস্থার দ্বারা প্রভাবিত ও নিয়ন্ত্রিত হয়। এ ব্যবস্থার মধ্যে আঞ্চলিক উপব্যস্থা থাকলেও সেগুলি গুরুত্বহীন। রাষ্ট্রসংঘ গঠন আন্তর্জাতিক ব্যবস্থার শ্রেণিতে পড়ে। এইর অধীনে অনেকগুলি উপব্যবস্থা থাকলেও তারা রাষ্ট্রসংঘের অধীনে থেকে নিজ নিজ উদ্দেশ্য সাধন করে।

২.৩.৫ সোপানতান্ত্রিক ব্যবস্থা (Hierarchical System)

সোপানতান্ত্রি (Hierarchical) ব্যবস্থাকে একটি সুসংহত ব্যবস্থা বলে অভিহিত করা হয়। এই ব্যবস্থায় মুখ্য ভূমিকা পালন করে ব্যক্তি, রাষ্ট্র নয়, এর অনেকগুলি স্তর থাকে এবং প্রত্যেকটি স্তর কেন্দ্রীয় সংগঠনের নির্দেশে পরিচালিত হয়। আন্তর্জাতিক ও জাতীয়, উভয় স্তরেই সোপানতান্ত্রিক ব্যবস্থা লক্ষ্য করা যায়।

২.৩.৬ ইউনিট ভেটো ব্যবস্থা (Unit Veto System)

ইউনিট ভেটো ব্যবস্থায় কোনও কর্মকর্তা অন্যের নির্দেশে কাজ করে না। প্রত্যেকে স্বাধীনভাবে কাজ করে ও নিজেদের মধ্যে স্থায়ী অশান্তি দেখা যায়। বর্তমান বিশ্ব পরিস্থিতিতেও ইউনিট ভেটো ব্যবস্থার অন্তর্ভুক্ত। তারা মনে করে যেআত্মরক্ষার উপায় তাদের নিজেদেরই তৈরি করতে হবে। সেই কারণে তারা মারণাস্ত্র প্রস্তুতকে আত্মরক্ষার বলিষ্ঠ উপায় বলে মনে করে। তাদের বক্তব্য হল যে আত্মরক্ষার তাগিদ স্বাভাবিক এবং প্রত্যেকেরই নিজ সুরক্ষার অধিকার আছে।

কাপলানের ব্যবস্থা-বিশ্লেষণ পদ্ধতির প্রয়োজনীয়তা অনস্বীকার্য একটি রাষ্ট্রের রাজনৈতিক বা অর্থনৈতিক সিদ্ধান্ত নিঃসন্দেহে অন্য রাষ্ট্রে সিদ্ধান্তের উপর প্রভাব ফেলে। সুতরাং আন্তর্জাতিক সম্পর্ককে সমাজ বিজ্ঞানের অন্যান্য শাখা থেকে

বিচ্ছিন্ন করে দেখা যুক্তিসঙ্গত নয়। একথা সত্য যে অন্যান্য বিষয় থেকে মডেল ধার করে আন্তর্জাতিক রাজনীতির আলোচনা করলে কিছু সীমাবদ্ধতা দেখা দিতে পারে। হফম্যানের মতে অন্য বিষয়ের মডেলের সাহায্যে আলোচনা করলে মর্যাদা বাড়বে বা উন্নতিলাভ করবে এই ধরনর মানসিকতা ঠিক নয়। জীববিজ্ঞান বা সমাজতত্ত্বে যা প্রযোজ্য আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষণের ক্ষেত্রে তা প্রযোজ্য নয়। তাছাড়া মডেলগুলির সর্বজনীনতাও মেনে নেওয়া যায় না, মডেলগুলি সীমাবদ্ধ ক্ষেত্রে বা পরিস্থিতিতে কার্যকর বা প্রাসঙ্গিক হতে পারে। এদেরকে অন্যত্র প্রয়োগ করলে কার্যকারিতা হারিয়ে ফেলবে। ব্যবস্থা-বিশ্লেষণ পদ্ধতিটির সীমাবদ্ধ তা থাকলেও এর সাহায্যে আন্তর্জাতিক রাজনীতি পরিচালনা এখনও শৈশবে। ভবিষ্যতে নিশ্চয়ই এই সীমাবদ্ধতাগুলি দূরীভূত হবে।

২.৪ সিদ্ধান্ত গ্রহণমূলক দৃষ্টিভঙ্গী (Decision Making Theory)

আন্তর্জাতিক সম্পর্ক মূলত বিভিন্ন রাষ্ট্রের মধ্যে ক্রিয়া, প্রতিক্রিয়া ও মিথস্ক্রিয়া দ্বারা গঠিত। ১৯৫০ সালে, রিচার্ড স্নাইডার, বার্টন সেপিন এবং অন্যান্যরা এই সম্পূর্ণ প্রক্রিয়াটির পিছনে যে চালিকাশক্তি কাজ করছে তা অনুধাবন করার একটি তত্ত্ব সৃষ্টি করেন, যার নাম সিদ্ধান্তগ্রহণ তত্ত্ব (Decision Making Theory) ষাটের দশকে উইলিয়াম রাইকার, হার্বার্ট সাইমন প্রভৃতি রাষ্ট্রবিজ্ঞানীরা এই তত্ত্বকে আরও সমৃদ্ধ করে তোলেন, সিদ্ধান্ত গ্রহণকে নীতি নির্ধারণের মূল স্তম্ভ হিসেবে বর্ণনা করে। আন্তর্জাতিক রাজনীতিতে মুখ্য কারণ হিসেবে রাষ্ট্রগুলি কিভাবে আচরণ করে এবং কেন, সেই প্রশ্নেরই উত্তর দেওয়ার চেষ্টা করে এই সিদ্ধান্ত গ্রহণ মূলক দৃষ্টিভঙ্গি। এই তত্ত্ব গোটা আন্তর্জাতিক ব্যবস্থাকে তার অন্তর্ভুক্ত কারকগুলির দ্বারা গৃহীত সিদ্ধান্তের দ্বারা পরিচালিত বলে মনে করে।

